ব্যবহারিক গারো অভিধান

সম্পাদক
হিমেল রিছিল

বইপত্র

বইপত্র

প্রকাশক
মাহবুবুর রহমান বাবু
বইপত্র প্রকাশন
৯ বাংলাবাজার, ঢাকা ১১০০
ফোন: ৯৫৭৩১৬০, ০১৮১৯৯৯৪৩০৪

প্রকাশকাল
জ্যৈষ্ঠ ১৪২৩/জুন ২০১৬

প্রচ্ছদ
চারু পিন্টু

বর্ণবিন্যাস
হিমেল কম্পিউটার

মুদ্রণ
ঢাকা প্রিন্টার্স

মূল্য
১০০০ টাকা, US $ 20

Beboharik Garo Abhidhan
Edited by Himal Ritchil
Published by Mahbbur Rahman Babu
Boipotro Prokashon
9 Banglabazar, Dhaka 1100
Phone: 9573160, 01819994304
Price: 1000 TK, US $ 20

সংকলক

হার্ডসন চিসিম; জেমস জর্নেশ চিরান

নিরীক্ষক

জর্জ রুরাম; মতেন্দ্র মানখিন; সরোজ ম্রং; ফিডেল ডি সাংমা

পৃষ্ঠপোষক

বাবুল ডি নকরেক

ভূমিকা

ব্যবহারিক গারো অভিধান– একটি নতুন প্রচেষ্টা; নতুন সৃষ্টি; একটি নতুন ইতিহাসও বটে! এ ধরনের কাজ বাংলাদেশে এই প্রথম। অর্থাৎ এটিই হচ্ছে বাংলাদেশে গারো ভাষার প্রথম অভিধান। এটি গারোদের দৈনন্দিন জীবনে ব্যবহৃত শব্দাবলির একটি সংকলন। ভুক্তি ও উপভুক্তি মিলে অভিধানে রয়েছে দশ হাজারেরও অধিক শব্দ। এটি গারোদের দৈনন্দিন জীবনে ব্যবহৃত শব্দের সংকলন বলেই এখানে 'ব্যবহারিক' শব্দটি প্রয়োগ করা হয়েছে। বর্তমানে ভারত এবং বাংলাদেশ– এ দুদেশের আনুমানিক বারো লক্ষের মতো মানুষ, টিবেটো-বার্মান ভাষা-পরিবারের সদস্য এ গারো ভাষায় কথা বলে। ভারতীয় গারোরা একটি স্ট্যান্ডার্ড লেখ্যভাষার প্রয়োজনে ভাষাকে সংকলন করে তাকে 'আ.চিক' নামকরণ করে নিয়েছে। আ.চিক ভাষায় ভারতীয় 'আ.বেং' ও 'আ.ওয়ে' বা 'আ.খাওয়ে' এ দুটো ডায়ালেক্টকে প্রাধান্য দেওয়া হয়েছে যা বাংলাদেশি গারোদের জন্য সহজ ও প্রাঞ্জল নয়। এদেশে আ.বেং ডায়ালেক্ট সবার বোধগম্য হওয়া সত্ত্বেও লিখিত রূপ দিতে এর স্ট্যান্ডার্ডকরণ করা সম্ভব হয়ে ওঠেনি। তাই আ.চিক ভাষাকে অনুসরণ না করে মূলত সহজ ও প্রাঞ্জল গারো ভাষার একটা আদর্শ লিখিত রূপ দেওয়ার প্রয়াসেই 'ব্যবহারিক গারো অভিধান'-টি রচনা করা হয়েছে।

এদেশে গারো ভাষার কোনো অভিধান না থাকায় এর অভাব অনেকদিন থেকেই অনুভূত হচ্ছিল। কোনো আদর্শ বানানরীতি না থাকায় সেটা রচনা করাও সম্ভব হয়ে উঠছিল না। ব্যক্তিগত বা সামষ্টিক চেষ্টায় এখন পর্যন্ত কেউ-ই এ কাজে অগ্রসর হয়নি। অপরদিকে ভারতীয় গারোরা ভাষাকে স্ট্যান্ডার্ড করার জন্য বহু বছর আগে থেকেই যা যা করা প্রয়োজন সব করে নিয়েছে। ওদের আছে অথচ আমাদের নেই– মূলত এ ভাবাবেগ থেকেই প্রথমে কাজ করার আগ্রহটা তৈরি হয়। প্রস্তাবনা আকারে একটা স্টান্ডার্ড বানানরীতি দাঁড় করানোর চেষ্টা করি। সে বানানরীতির উপর ভিত্তি করেই আলোচ্য অভিধানটি রচনা করা হয়েছে।

এ অভিধানের প্রধান ডায়ালেক্ট আ.বেং। শতকরা পঁচানব্বই ভাগ শব্দই আ.বেং শব্দ। বাকি শব্দগুলো গারোদের অন্যান্য দলীয় কথ্যভাষার শব্দ, গারো ও বাংলার মিশ্রণে উদ্ভূত মিশ্র শব্দ, বাংলা, ইংরেজি কিংবা বাংলার মাধ্যমে আসা গারো জনজীবনে বহুলভাবে ব্যবহৃত বিদেশি শব্দ। উল্লেখ্য গারোদের তেরোটি দলের তেরোটি কথ্যভাষা রয়েছে। এই তেরোটি কথ্যভাষাগুলো হলো– আ.বেং; আ.খাওয়ে বা আ.ওয়ে; আত্তং; চিবক; চিসাক; দুয়াল; মি.গাম; মাচ্ছি; গারাগানচিং; কচ্চু; আতিয়াগ্রা; মাতজাংচি বা মাত্তাবেং এবং রুগা। গারোদের এতগুলো কথ্যভাষা থাকলেও বর্তমানে অধিকাংশের উপরই আ.বেং ডায়ালেক্টের প্রচ্ছন্ন অথবা প্রকট প্রভাব পরিলক্ষিত হয়। সে সূত্রে আ.বেংকে ডায়ালেক্ট না ধরে পূর্ণ ভাষাই ধরা যায়।

অভিধানে গারো শব্দগুলোর বাংলা ভাষান্তর বা অর্থান্তর করার চেষ্টা করা হয়েছে। সোজা কথায় এটি 'গারো টু বাংলা' অভিধান। সমকালিন প্রমিত ভাষায়, যথাসম্ভব প্রচলিত বানানে গারো শব্দগুলোর বাংলা অর্থ প্রকাশের চেষ্টা করা হয়েছে। বাংলাদেশে এ ধরনের

কাজ এটিই প্রথম হওয়ায় গারো শব্দগুলোর বাংলা অর্থান্তর করতে গিয়ে আমাদের বেশ বেগ পেতে হয়েছে। বাংলা অর্থগুলো 'কাট অ্যান্ড পেস্ট' করার মতো আমাদের সামনে কোনো অভিধান ছিল না। আমরা চেষ্টা করেছি যতটা সম্ভব শব্দগুলোর সহজ সংজ্ঞা দেওয়ার জন্য। সংজ্ঞাগুলো যে একেবারে নিখুঁত হয়েছে এমনটা বলব না।

গারো শব্দগুলোর বাংলা বানানরীতি কেমন হবে বা কেমন হওয়া উচিত– সে বিষয়ে প্রথমে একটি প্রস্তাবনা রাখা হয়েছে। মূলত সে প্রস্তাবনার পরিমার্জিত রূপের নিরিখেই অভিধানটি রচনা করা হয়েছে। অভিধানে গারো ভাষার জন্য বাংলা বর্ণমালা নির্বাচনের প্রধান কারণ যুক্তবর্ণের উচ্চারণ। যুক্তবর্ণের উচ্চারণের ক্ষেত্রে রোমান হরফের বেলায় যে সীমাবদ্ধতা দেখা যায় মূলত তাকে কাটিয়ে উঠতেই বাংলা বর্ণমালাকে নির্বাচন করা হয়েছে।

এই অভিধানে উচ্চারণ অনুযায়ী বানানকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে। আমরা জানি, আ.চিক ভাষায় 'ক' ও 'খ', 'প' ও 'ফ' এবং 'ত' ও 'থ' এই অঘোষ ধ্বনির অল্পপ্রাণ ও মহাপ্রাণ বর্ণগুলোর উচ্চারণ থাকলেও তাদের পৃথক করে লেখার বর্ণ নেই বা রাখা হয়নি। এ কারণেই কোনটির উচ্চারণ 'ক' আর কোনটির উচ্চারণ 'খ' সেটা বুঝার কোনো উপায় নেই। এরূপ অসামঞ্জস্য দিকটি কাটিয়ে উঠতে বা প্রকৃত কথ্যরূপকে, লেখ্যরূপে নিয়ে আসার জন্য এ অভিধানে উচ্চারণ 'ক' হলে 'ক' আবার উচ্চারণ 'খ' হলে 'খ' লেখা হয়েছে। অর্থাৎ শব্দের উচ্চারণ এখানে সর্বোচ্চ প্রাধান্য পেয়েছে। 'চ' ও 'ছ' ধ্বনিদ্বয় নিয়ে আরও বিস্তর গবেষণার প্রয়োজন রয়েছে। অভিধানে কিছু কিছু শব্দে 'চ' এবং 'ছ' দুটো বর্ণকেই পাশাপাশি উল্লেখ করে দেওয়া হয়েছে। যেমন: চাদাম্বে, ছাদাম্বে। প্রস্তাবিত বানানরীতির সাথে সাংঘর্ষিক হলেও প্রচলিত বলে দুটি শব্দকে গ্রহণ করা হয়েছে। যথা: মৃ, ঘাগ্রা। অনেক গারো শব্দের বাংলা বানানে অনুস্বার (ং) ব্যবহৃত হয়ে আসছে বলে উঁয়ো (ঙ) উচ্চারণের জন্য নিয়ম সাপেক্ষে 'ঙ' এবং অনুস্বার (ং) দুটো বর্ণকেই ব্যবহার করা হয়েছে। সমোচ্চারিত বা প্রায় সমোচ্চারিত ধ্বনি বা বর্ণ থেকে একটিকে গ্রহণ করে অন্যটা বর্জন করা হয়েছে। বর্ণ গ্রহণ ও বর্জনের কারণ, রাক্কা, রাক্কা ব্যবহারের নিয়মাবলি, দ্বিরুক্ত শব্দ ও সমাসবদ্ধ শব্দগুলো লেখার নিয়ম ইত্যাদি প্রস্তাবিত বানানরীতিতে বিস্তারিত উল্লেখ করা হয়েছে।
অভিধানে, উচ্চারিত শব্দের সর্বোচ্চ শুদ্ধরূপটা তুলে আনার চেষ্টা করা হয়েছে। কিছু কিছু শব্দের আঞ্চলিকতা পরিহার করা হয়েছে ভাষাকে স্ট্যান্ডার্ড করার প্রয়াসেই। যেমন: কিছু কিছু আঞ্চলিক উচ্চারণে 'ক'-স্থলে 'গ', 'ত'-স্থলে 'দ' এবং 'প'-স্থলে 'ব'-এর ব্যবহার পরিলক্ষিত হয়। আলোচ্য অভিধানে সে উচ্চারণগুলো অন্তর্ভুক্ত করা হয়নি। দৃশ্যত সমগ্র গারো অঞ্চলে গ্রহণযোগ্য এরূপ উচ্চারণ ও শব্দগুলোই তুলে আনার চেষ্টা করা হয়েছে। তবে পরবর্তী সংস্করণে আঞ্চলিক উচ্চারণগুলোও অভিধানে অন্তর্ভুক্ত করার প্রয়াস থাকবে। আঞ্চলিকতা পরিহার করতে গিয়ে বেশ কিছু আ.চিক ডিকশনারি ঘাটার প্রয়োজন পড়েছিল। তার মধ্যে W. H. MARAK-এর KU.BIDIK এবং D. S. NEGMINZA-এর THE SCHOOL DICTIONARY বইটি সবিশেষ

উল্লেখযোগ্য। এগুলো থেকে বাংলাদেশে প্রচলিত বলে কিছু শব্দ এই ব্যবহারিক অভিধানে গৃহীত হয়েছে।

অভিধানের জন্য শব্দ সংগ্রহ, সংকলন ও পরিমার্জনের জন্য প্রায় তিন বছর সময় ব্যয় হয়েছে। একটি সমৃদ্ধ অভিধান রচনার জন্য যেটুকু সময় দেওয়া প্রয়োজন এটা তার তুলনায় নিতান্তই কম। আমরা এখানে মোটামুটি 'বাংলা একাডেমি বিবর্তনমূলক বাংলা অভিধান'-এর মডেলটা অনুসরণ করার চেষ্টা করেছি। তবে এখানে শব্দগুলোর বিপরীতে প্রয়োগবাক্য দেওয়া সম্ভব হয়নি। পরবর্তী সংস্করণের জন্য সে কাজটা তুলে রাখা হলো। অভিধানের জন্য শব্দ সংগ্রহ করতে গিয়ে অনেকের সাথে অনেকবার কথা হয়েছে; অনেকে অনেক শব্দের সন্ধান দিয়েছেন। কখনো আলাপে-আড্ডায়-আলোচনায় শ্রমার্জিত-মার্জিত শব্দগুলো উঠে এসেছিল। সে শব্দগুলো আহরণে তাদের অবদান কৃতজ্ঞচিত্তে স্মরণ করি।

আমাদের সবার জন্যই কাজ হিসাবে অভিধান রচনা ছিল এটিই প্রথম। বলতে গেলে আমরা সবাই অভিধান রচনায় অনভিজ্ঞ ছিলাম। তাই কাজগুলো গুছিয়ে নিতে প্রথম দিকে আমাদের বেশ বেগ পেতে হয়েছে; বেশ কিছু সময় অতিবাহিত হয়েছে। সংকলক হিসেবে হার্ডসন চিসিম কঠোর পরিশ্রম করেছেন। তাঁর আগ্রহ ও কর্মনিষ্ঠা আমাকে অবাক করেছে। তাঁর আ.চিক ও আ.বেং ভাষাজ্ঞান আমাদের অভিধানটিকে সমৃদ্ধ করতে যথেষ্ট সাহায্য করেছে। তাঁর সাথে সংকলক হিসেবে আমি পেয়েছি কবি ও প্রাবন্ধিক জেমস জর্নেশ চিরানকে। তাঁরা দুজনই সম্পাদনাতেও যথেষ্ট সহযোগিতা করেছেন। পাশাপাশি অভিধানটির নিরীক্ষক হিসেবে আমি পেয়েছি কবি ও সাহিত্যিক জর্জ রুরাম, কবি ও সাহিত্যিক মতেন্দ্র মানখিন, প্রাবন্ধিক ও সমালোচক সরোজ ম্রং এবং কবি ও গদ্যলেখক ফিডেল ডি সাংমাকে। তাঁরা সবাই আন্তরিকতার সাথে নতুন নতুন শব্দ যোগ-বিয়োগের কাজটি করে দিয়েছেন। সর্বোপরি যাঁর আন্তরিক সহযোগিতা ছাড়া অভিধান প্রকাশ আলোর মুখ দেখত না তিনি আমাদের সকলের পরিচিত মুখ, কবি ও সাহিত্যিক বাবুল ডি নকরেক। তাঁর উদ্যম-উৎসাহেই শেষ পর্যন্ত আমরা পাণ্ডুলিপি নিয়ে প্রেসে যেতে সাহস করি। তাঁকে অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা। অভিধানটির জন্য শব্দসংগ্রহ, কম্পোজিং ও পাণ্ডুলিপি তৈরির কাজগুলো করা হয়েছে ব্যক্তিগত খরচে। সম্পূর্ণ বিনা পারিশ্রমিকে এর সংকলক ও নিরীক্ষকবৃন্দ নির্দ্বিধায় কাজ করে দিয়েছেন। তাঁদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানোর ভাষা আমার জানা নেই। ছোট ভাই লিয়াং রিছিল ও ছোট বোন সোনিয়া চিরান কম্পোজিং-এ কিছুটা সময়ের জন্য সহযোগিতা করেছে। তাদের প্রতিও রইল ধন্যবাদ ও কৃতজ্ঞতা। বইপত্র প্রকাশনা সংস্থার কর্ণধার মাহবুবুর রহমান বাবু ভাইকেও ধন্যবাদ জানাই তাঁর আন্তরিক সহযোগিতার জন্য। পরবর্তী সংস্করণে প্রাতিষ্ঠানিক সহায়তা পেলে বইটির প্রসার ও উপযোগিতা আরও বাড়বে বলে মনে করি।

প্রথম প্রকাশ হিসেবে অভিধানে ভুলত্রুটি থাকা অস্বাভাবিক কিছু নয়। এখনো অনেক শব্দ অভিধানটির বাইরেই রয়ে গেছে। অভিধান কখনো সম্পূর্ণ বা পরিপূর্ণ হয় না। তাই

প্রকাশের পরদিন হতেই এটি পুরাতন হতে শুরু করবে। ভাষা একটি চলমান প্রক্রিয়া। পরিবর্তনের প্রক্রিয়ায় এটি নিয়ত আবর্তমান। এর কাজই হলো বদলে যাওয়া। প্রতিনিয়তই শব্দের নতুন অর্থ তৈরি হচ্ছে; এর বিবর্তন ঘটছে; অর্থান্তর বা পদান্তর ঘটছে। সেগুলো যতদূর সম্ভব পরবর্তী সংস্করণে প্রয়োগবাক্যসমেত তুলে আনার চেষ্টা থাকবে। বইটি গারো লেখক, গবেষক, শিক্ষক, ছাত্রছাত্রী, পাঠক সবার চাহিদা মেটাবে বলে আশা রাখি। পাশাপাশি পাঠক, লেখক, গবেষক বা ভাষা নিয়ে যাঁরা কাজ করেন তাঁদের কাছ থেকে আমরা মতামত আশা করছি। অভিধানটির সৌন্দর্য বর্ধনে; এর ওজন ভারীকরণে; পরিমার্জনে; পরিশীলনে এবং এর ত্রুটি ও অসম্পূর্ণতা দূরকরণে আপনাদের মতামত আমরা গুরুত্বের সাথে বিবেচনা করব।

হিমেল রিছিল
সম্পাদক; ব্যবহারিক গারো অভিধান

ব্যবহারবিধি

১. ভুক্তির পরিচয়

(ক) সাধারণভাবে প্রতিটি ভুক্তিতে আছে শব্দ, শব্দের উচ্চারণ, পদপরিচয়, অর্থ এবং ব্যুৎপত্তি। কিছু গুরুত্বপূর্ণ শব্দের বেলায় অর্থের পর প্রতিশব্দ দেওয়া হয়েছে। ভুক্তির জন্য ১৪ ফন্টের বোল্ড হরফ ব্যবহার করা হয়েছে এবং এর মার্জিন মূলপাঠ থেকে খানিকটা কম। আবার উপভুক্তির জন্য ১২ ফন্টের বোল্ড হরফ ব্যবহার করা হয়েছে এবং এর বাঁ দিকের মার্জিন মূলপাঠের সমান। যেমন:

খক [খক্] *বি* ঝুড়িবিশেষ। {*গা.*}

খকসি [খক্সি] **১** *বি* মাছ রাখার ঝুড়িবিশেষ। **২** *বি* উপগোত্র বা চাচ্চি বা মা.চং বা মাহারিবিশেষ। {*গা.*}

(খ) অভিন্ন বানান বা শব্দের একাধিক ভুক্তি থাকলে তা সংখ্যাবাচক শব্দের সুপারস্ক্রিপ্ট দিয়ে পৃথকভাবে দেখানো হয়েছে। যেমন:

চাক্কা১ [চাক্‌কা] *ক্রি* সমর্থন করা; সহায় হওয়া। {*গা.*}

চাক্কা২ [চাক্‌কা] *ক্রি* কষ্ট সহ্য করা। {*গা.*}

(গ) গারো ভাষার শব্দাবলিতে এমন কিছু উচ্চারণ বিদ্যমান যা বাংলা কিংবা রোমান বর্ণমালার স্বরবর্ণ দিয়ে প্রকাশ করা যায় না। এ শব্দগুলোর উচ্চরণ না যায় 'ই-কার' দিয়ে, না যায় 'উ-কার' দিয়ে। এক্ষেত্রে আ.চিক অভিধানগুলোতে 'i' অর্থাৎ 'ই-কার'-কে অনুসরণ করতে দেখা গেছে। এ অভিধানে সেসব ধ্বনির উচ্চারণের জন্য 'উ-কার' ও 'ই-কার' উভয়কেই ব্যবহার করা হয়েছে। এক্ষেত্রে ভুক্তি বা উপভুক্তির প্রথম বানানে 'উ-কার' ও দ্বিতীয় বানানে 'ই-কার' ব্যবহার করে শব্দগুলো পাশাপাশি সাজানো হয়েছে। যেমন:

খুত্তা, খিত্তা [খুত্‌তা, খিত্‌তা] *ক্রি* খোঁড়া। {*গা.*}

(ঘ) প্রচলিত বানান, উচ্চারণ অনুযায়ী না হওয়ার কারণে প্রচলিত বানান এবং উচ্চারিত বানান দুটোকেই পাশাপাশি অকারাদিক্রমে ভুক্তি বা উপভুক্তিতে যুক্ত করা হয়েছে। যেমন:

রেমা, রে.মা [রেমা, রে.-মা] *বি* মারাক গোত্রের অন্তর্গত উপগোত্র বা চাচ্চি বা মা.চং বা মাহারিবিশেষ। {*গা.*}

(ঙ) যে শব্দগুলো কেবল স্ত্রী বা পুরুষ বা শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য হয় সেগুলো প্রথম বন্ধনী ব্যবহার করে পৃথকভাবে বুঝানো হয়েছে। বিশিষ্ট অর্থে বোঝাতে প্রথম বন্ধনীতে তার ব্যাখ্যা দেওয়া হয়েছে। যেমন:

জাদা [জাদা] *বিণ* বোকা; মূর্খ (*পু.*)। {*গা.*}

লে.লে [লে.-লে] *বিণ* বোকা; মূর্খ (*স্ত্রী.*)। {*গা.*}

কা.কা [কা.-কা] *বি* মাছ (শিশুদের ক্ষেত্রে ব্যবহার্য শব্দ)। {*গা.*}

(চ) কতগুলো শব্দের বাংলা অর্থ একই হওয়ার কারণে গারো শব্দগুলো একই ভুক্তিতে অকারাদিক্রমে কমা দিয়ে পরপর লিখে তার বাংলা অর্থ উল্লেখ করা হয়েছে। যেমন:

ম, মা, মাই, মুয়া [ম, মা, মাই, মুয়া] *সর্ব*, *অব্য* কী। {*গা.*}

(ছ) গুটিকয়েক গারো শব্দের ক্ষেত্রে উচ্চারণে আঞ্চলিকতা বা এলাকাভেদে উচ্চারণভেদ রয়েছে। স্বরবর্ণের বেলায় ভিন্নতা বেশি লক্ষ করা গেছে। সেক্ষেত্রে অভিধানে দুটি শব্দকেই পাশাপাশি সাজানো হয়েছে। যেমন:

বুল, বিল [বুল্, বিল্] *বি* বল; শক্তি; ক্ষমতা। {*গা.*}

(জ) কিছু গুরুত্বপূর্ণ সাফিক্স (প্রত্যয়, বিভক্তি, ক্রিয়া-বিভক্তি, শব্দ-বিভক্তি বা অনুসর্গ) যেগুলো ধাতু বা প্রাতিপদিক বা শব্দের সাথে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে সেগুলো ভুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। এরূপ সাফিক্স নির্দেশে এর পূর্বে একটি হাইফেন যুক্ত করা হয়েছে। যেমন:

-ব্রেকা [-ব্রেকা] কৃৎ প্রত্যয়বিশেষ। ক্রিয়ামূলের সাথে প্রত্যয়রূপে যুক্ত হয়ে ক্রিয়াপদ গঠন করে। যেমন: ন.মব্রেকা; গা.ব্রেকা; বা.ব্রেকা ইত্যাদি। {*গা.*}

(ঝ) গুরুত্বপূর্ণ সংখ্যাসূচক প্রিফিক্স বা পদাশ্রিত নির্দেশকগুলো ভুক্তিতে স্থান দেওয়া হয়েছে। কিছু শব্দ যেগুলো একই সাথে বিশেষ্য বা পদাশ্রিত নির্দেশকের মতো কাজ করে সেগুলো ঐ শব্দের উপভুক্তিতে যুক্ত করা হয়েছে। পদাশ্রিত নির্দেশকটি সাফিক্স যোগ হওয়া সাপেক্ষে নতুন শব্দ গঠন করবে এবং তা বোঝাতে এর পরে একটি হাইফেন যুক্ত করা হয়েছে। যেমন:

রং- [রং-] *অব্য* সংখ্যাসূচক প্রিফিক্স বা পদাশ্রিত নির্দেশকবিশেষ। গোলাকার বস্তু নির্দেশে ব্যবহৃত হয়। যেমন: রংসা; রংগিনিং; রংগিথাম ইত্যাদি। {*গা.*}

দিং [দিং] *বি* সুতা। {*গা.*}

দিং- [দিং-] *অব্য* সংখ্যাসূচক প্রিফিক্স বা পদাশ্রিত নির্দেশকবিশেষ। সুতার গাছি, রাস্তা ইত্যাদি নির্দেশে ব্যবহৃত হয়। যেমন: দিংসা; দিংগিনিং; দিংগিথাম ইত্যাদি। {*গা.*}

(ঞ) শব্দের অর্থ পূর্বের বা পরের কোনো শব্দের সাথে উল্লেখ করা থাকলে তার জন্য দ্রষ্টব্যের সংক্ষিপ্ত রূপ *দ্র* বাঁকা হরফে (ইটালিক) লেখা হয়েছে।

জ্রিপা *দ্র* জ্রুপা

২. ভুক্তির ধরন

শব্দ বা শব্দাংশের প্রকৃতি নানা রকম হওয়ায় ভুক্তি নানা রকমের হয়েছে। অভিধানে অন্তত পাঁচ প্রকারের ভুক্তি লক্ষ করা যায়। যেমন:

(ক) প্রথম ধরনে আছে একটি মূলশব্দ ও তার এক বা একাধিক অর্থ। যেমন:

র.ঙথি [র.-ঙ্থি] *বি* পাথর। {*গা.*}

(খ) দ্বিতীয় ধরনে আছে একাধিক বানানের একই মূলশব্দ ও তার এক বা একাধিক অর্থ। যেমন:

মিসেঙা, মেসেঙা [মিসেঙা, মেসেঙা] **১** *বিণ* টক। **২** *ক্রি* টক হওয়া। {*গা.*}

(গ) তৃতীয় ধরনে আছে একটি সাফিক্স (প্রত্যয়, বিভক্তি, ক্রিয়া-বিভক্তি, শব্দ-বিভক্তি বা অনুসর্গ) ও একাধিক উদাহরণসহ তার ব্যবহারনির্দেশ। যেমন:

-ফ্রেতা [-ফ্রেতা] কৃৎ প্রত্যয়বিশেষ। ক্রিয়ামূলের সাথে প্রত্যয়রূপে যুক্ত হয়ে ক্রিয়াপদ গঠন করে। যেমন: দকফ্রেতা; গা.ফ্রেতা; সু.ফ্রেতা ইত্যাদি। {*গা.*}

(ঘ) চতুর্থ ধরনে আছে একাধিক বানানের একই সাফিক্স (প্রত্যয়, বিভক্তি, ক্রিয়া-বিভক্তি, শব্দ-বিভক্তি বা অনুসর্গ) ও একাধিক উদাহরণসহ তার ব্যবহারনির্দেশ। যেমন:

-থকা, -থক্কা, -থোকা, -থোক্কা [-থকা, -থক্কা, -থোকা, -থোক্কা] সাফিক্সবিশেষ। কোনো কাজ সবাই একত্রে করা বোঝাতে ক্রিয়ামূলের সাথে সাফিক্সরূপে ব্যবহৃত হয়। যেমন: রা.থকা; নিথকা; চা.থকা ইত্যাদি। {*গা.*}

(ঙ) পঞ্চম ধরনে আছে একটি সংখ্যাসূচক প্রিফিক্স বা পদাশ্রিত নির্দেশক ও একাধিক উদাহরণসহ তার ব্যবহারনির্দেশ। যেমন:

থি.ঙ- [থি.-ঙ-] *অব্য* সংখ্যাসূচক প্রিফিক্স বা পদাশ্রিত নির্দেশকবিশেষ। মাংস বা মাছের টুকরা নির্দেশে ব্যবহৃত হয়। যেমন: থি.ঙসা; থি.ঙগ্নিং; থি.ঙগিথাম ইত্যাদি। {*গা.*}

৩. উপভুক্তির গঠন ও ধরন

মূলশব্দ থেকে নতুন আর একটি শব্দ তৈরি হলে, সেই নতুন শব্দ দিয়ে তৈরী শব্দকে উপভুক্তি বলা হয়েছে। উপভুক্তি বিভিন্ন ধরনের হয়েছে। বিশেষ্য পদের বেলায় শব্দমূলের সাথে সাফিক্স যুক্ত হয়ে বহু উপভুক্তি রচিত হয়েছে। ক্রিয়াপদের ক্ষেত্রেও ক্রিয়ামূল ও সাফিক্সযোগে বহু উপভুক্তি রচিত হয়েছে। কিছু উপভুক্তি সমাসের মাধ্যমে সৃষ্টি হয়েছে। নিচে শব্দমূল ও ক্রিয়ামূলযোগে গঠিত উপভুক্তির একটি করে উদাহরণ দেওয়া হলো।

মি [মি] *বি* ধান; ভাত। {*গা.*}

মিওয়াল [মিওয়াল্] *বি* রাতের খাবার। {*গা.*}

দা.ল্লা [দা.-ল্লা] **১** *বিণ* বড়। **২** *ক্রি* বড় হওয়া। {*গা.*}

দা.লগ্রপা [দা.-লুগ্রপা] **১** *বিন* দ্রুত বেড়ে ওঠা এমন। **২** *ক্রি* দ্রুত বেড়ে ওঠা; অল্প বয়সেই বড় হওয়া। {*গা.*}

৪. ক্রিয়াজাতীয় শব্দ

ক্রিয়াজাতীয় শব্দের ক্ষেত্রে প্রথমে রুট-ওয়ার্ড বা মূলশব্দটি ভুক্তিতে অন্তর্ভুক্ত করে উপভুক্তিতে সে ক্রিয়ার ধাতু এবং প্রত্যয়যোগে গঠিত ক্রিয়াগুলো বর্ণানুক্রম অনুযায়ী সাজানো হয়েছে। অনুজ্ঞার রূপটিও উপভুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া অন্যান্য পদের ক্ষেত্রেও একই নিয়ম অনুসরণ করা হয়েছে। প্রত্যেকটা ক্রিয়ার ক্ষেত্রে উপভুক্তি অন্তর্ভুক্ত করা হয়নি। কেবল গুরুত্বপূর্ণ ক্রিয়াজাতীয় শব্দের ক্ষেত্রে উপভুক্তি দেওয়া হয়েছে। যেমন: **'অক্কা'** একটি মূলশব্দ। উপভুক্তিতে এর অনুজ্ঞার রূপ ও ক্রিয়ামূল ও প্রত্যয়যোগে গঠিত ক্রিয়া **'অকখালা'** দেওয়া হয়েছে। যথা:

অক্কা [অক্কা] **১** *বিন* খোলা। **২** *ক্রি* খোলা। {*গা.*}

অক, অকবো [অক্, অক্বো] *ক্রি* অনুজ্ঞা। {*গা.*}

অকখালা [অক্খালা] *ক্রি* বেশ কিছু পরিমাণ খোলা। {*গা.*}

৫. উচ্চারণ

যতটা সম্ভব প্রতিটি ভুক্তি ও উপভুক্তির শুদ্ধ উচ্চারণ তুলে আনার চেষ্টা করা হয়েছে। তৃতীয় বন্ধনী দ্বারা উচ্চারণ নির্দেশ করা হয়েছে। উচ্চারণ পরিষ্কার বোঝার জন্য বন্ধনীর ভেতর হসন্ত ব্যবহার করা হয়েছে। শব্দে রাক্কা থাকলে উচ্চারণ নির্দেশের জন্য রাক্কার সাথে একটি হাইফেন দিয়ে স্পষ্ট করে দেখানো হয়েছে। যেমন:

থে.ঙসুয়া [থে.-ঙ্সুয়া] **১** *বিণ* আলোকিত। **২** *ক্রি* আলোকিত হওয়া। {*গা.*}

দ.মক [দ.-মক্] *বি* ছাগল। {*গা.*}

৬. বাগধারা

অভিধানে কিছু বাগধারা সংযোজিত হয়েছে। উচ্চারণের জন্য ব্যবহৃত তৃতীয় বন্ধনীর পর বাঁকা হরফে (ইটালিক) সংক্ষিপ্তভাবে (*বাগ.*) লিখে তা নির্দেশ করা হয়েছে। যেমন:

নকসাম মাল্লা দাম্বেং জত্তা [নক্সাম্ মাল্লা দাম্বেং জত্তা] (*বাগ.*) *ক্রি* পরকীয়ায় যাওয়া। {*গা.*}

৭. পদ পরিচয়

এ অভিধানে শব্দগুলোকে মোট ছয়টি শ্রেণীতে বিভক্ত করে দেখানো হয়েছে। পদ পরিচয়ের জন্য পদগুলোর সংক্ষিপ্ত রূপ বাঁকা হরফে (ইটালিক) লেখা হয়েছে। যেমন: বিশেষ্য (*বি*), বিশেষণ (*বিণ*), সর্বনাম (*সর্ব*), ক্রিয়া (*ক্রি*), ক্রিয়াবিশেষণ (*ক্রিবিণ*)

এবং অব্যয় (*অব্য*)। উদাহরণস্বরূপ নিচের ভুক্তির দিকে তাকালে পদের ব্যবহার জানা যাবে।

বুকমা, বিকমা [বুক্‌মা, বিক্‌মা] *বি* পেট। {*গা.*}
বুকমাগ্নাং, বিকমাগ্নাং [বুক্‌মাগ্‌নাং, বিক্‌মাগ্‌নাং] *বিণ* গর্ভবতী। {*গা.*}

৮. অর্থ-অর্থান্তর ও পদান্তর

যথাসম্ভব সমকালিন বানানে ও সরল বাক্যে শব্দের ভাষান্তর করার চেষ্টা করা হয়েছে। কতগুলো শব্দের অর্থান্তর ও পদান্তর রয়েছে। সেগুলো পরিষ্কার বোঝানোর জন্য পদ পরিচয়ের পূর্বে ১৪ পয়েন্ট বোল্ড হরফে সংখ্যাবাচক শব্দ দিয়ে চিহ্নিত করা হয়েছে। একাধিক অর্থ দেওয়া থাকলে দুই বা ততোধিক অর্থের মধ্যে সেমিকোলন (;) ব্যবহার করা হয়েছে। যেমন:

রাক্কাঃ [রাক্‌কা] **১** *বিণ* শক্ত; কঠিন। **২** *বিণ* শক্তিশালী। **৩** *ক্রি* শক্ত হওয়া; কঠিন হওয়া। **৪** *ক্রি* শক্তিশালী হওয়া। {*গা.*}

৯. প্রতিশব্দ

যে সব শব্দের প্রতিশব্দ রয়েছে বা পাওয়া গেছে, সে সব শব্দের প্রতিশব্দ দেওয়া হয়েছে। একাধিক প্রতিশব্দ থাকলে সেগুলোও নিয়ে আসার চেষ্টা করা হয়েছে। যথাসম্ভব বিদেশি বা বিবর্তিত শব্দের গারো প্রতিশব্দ দেওয়ার চেষ্টা করা হয়েছে। প্রতিশব্দকে সংক্ষিপ্তভাবে বাঁকা হরফে (ইটালিক) *প্রশ.* লেখা হয়েছে। যেমন:

অকঃ [অক্] *বি* পেট; গর্ভ। *প্রশ.* বুকমা। {*গা.*}
অকগ্নাং [অক্‌গ্‌নাং] *বিণ* গর্ভবতী। *প্রশ.* বুকমাগ্নাং। {*গা.*}

১০. উৎস-ভাষা ও ব্যুৎপত্তি

অভিধানে প্রত্যেকটা শব্দের উৎস-ভাষা বা ব্যুৎপত্তি নির্দেশ করার চেষ্টা করা হয়েছে। তবে যে শব্দগুলোর ব্যুৎপত্তি নির্ধারণ করা সম্ভব হয় নি, সে শব্দগুলোর ব্যুৎপত্তি অংশটি অজ্ঞাত মূল হিসাবে রাখা হয়েছে এবং অজ্ঞাত মূলকে সংক্ষিপ্তভাবে *অমূ.* লেখা হয়েছে। যে বাংলা শব্দগুলো কিঞ্চিৎ পরিবর্তিত বা বিবর্তিত হয়ে গারো ভাষায় স্থান করে নিয়েছে সে শব্দগুলোর ব্যুৎপত্তি ভেঙে দেখানো হয়েছে। সে শব্দগুলোর ব্যুৎপত্তি নির্ধারণে 'বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান' বইটির সহায়তা নেওয়া হয়েছে। কিছু গারো শব্দের বিবর্তন ব্যুৎপত্তি অংশে নির্দেশ করা হয়েছে। ব্যুৎপত্তি নির্দেশে দ্বিতীয় বন্ধনী ব্যবহার করা হয়েছে। ব্যুৎপত্তি নির্দেশের ক্ষেত্রে কিছু সংকেত বা প্রতীক ব্যবহার করা হয়েছে। যেমন: বাঁ দিকে থেকে উৎস নির্দেশে '>' চিহ্ন; ডান দিক থেকে উৎস নির্দেশে '<' চিহ্ন ব্যবহার করা হয়েছে। ধাতু নির্দেশে ধাতুচিহ্ন '√' ব্যবহার করা হয়েছে। ক্ষেত্রবিশেষে সমান চিহ্ন '=' ব্যবহার করা হয়েছে। নিচের উদাহরণের দিকে তাকালে শব্দের ব্যুৎপত্তিগুলো স্পষ্ট বুঝা যাবে।

বানায়া [বানায়া] *ক্রি* তৈরি করা; বানানো। *প্রশ.* থারিয়া। {*হি.* বানাও>*বা.* বানানো>}

মানখিন, মা.নখিন [মান্‌খিন্, মা.-ন্‌খিন্] *বি* উপগোত্র বা চাচ্চি বা মা.চং বা মাহারিবিশেষ। {*গা.* মে.খিন>}

১১. বর্ণানুক্রম বা অকারিদিক্রম

(ক) অভিধানে গারো শব্দের জন্য ব্যবহৃত বর্ণনানুক্রম:

অ আ ই উ এ ও ক খ গ ং ঙ চ ছ জ ত থ দ ন প ফ ব ম র ল স হ য়

(খ) যুক্তবর্ণের ক্রম:

ক্ক ক্র ক্ল ক্স খ্ন খ্র খ্ল গ্ন গ্র গ্ল ঞ্খ চ্চ চ্ছ চ্র চ্ল জ্র ত্ত ত্থ ত্র ত্ল থ্র থ্ল দ্দ দ্র দ্ল ন্ত ন্থ ন্দ ন্ন প্প প্র প্ল
ফ্ল ফ্র ম্ফ ব্দ ব্ন ব্ব ব্র ব্ল ম্প ম্ব ম্ফ ম্ম ম্র ম্ল ল্ল স্ক স্খ স্ত স্থ স্ন স্ফ স্ম স্র স্ল

(গ) কার ও ফলা চিহ্নের ক্রম:

আ-কার (া), ই-কার (ি), উ-কার (ু) এ-কার (ে), ও-কার-(ে া), ন-ফলা (ন), ম–ফলা (ম), র-ফলা (্র), ল-ফলা (ল)

১১. পরিশিষ্ট

পরিশিষ্ট অংশে গারোদের দল, গোত্র ও উপগোত্রের পরিচয় এবং প্রবাদ-প্রবচন, বাগধারা ও ধাঁধাগুলো সংযোজন করা হয়েছে। সংখ্যাবাচক বা পূরণবাচক শব্দাবলি, ক্রিয়ার কাল, পদাশ্রিত নির্দেশক ইত্যাদি ব্যাকরণগত দিক নিয়ে কিছু অধ্যায় যুক্ত করা হয়েছে। এ অংশে 'অথবা' বোঝাতে স্ল্যাশ চিহ্ন (/) ব্যবহার করা হয়েছে। 'প্রবাদ-প্রবচন, বাগধারা ও ধাঁধা'-অংশটি অভিধানে ব্যবহৃত শব্দের প্রথম বানানে লেখা হয়েছে।

গারো ভাষার বাংলা বানানরীতি কেমন হওয়া উচিত এতদ্বিষয়ে কিছু প্রস্তাবনা

ভাষা সতত পরিবর্তনশীল। আমরা যে ভাষা এ সময়ে ব্যবহার করছি আজ থেকে শত বছর পূর্বে এর রূপ বা গঠন এমনটি ছিল না। যুগের চাহিদার প্রেক্ষিতেই মানুষের মুখে মুখে ভাষা পরিবর্তিত হয়। বলা হয়, ধ্বনি হচ্ছে ভাষার ক্ষুদ্রতম একক। আবার কয়েকটি ধ্বনি বা ধ্বনিসমষ্টি দিয়ে গঠিত হয় শব্দ; কয়েকটি অর্থবোধক শব্দ মিলে বাক্য। এই বাক্যের মাধ্যমেই মানুষ তার ভাব প্রকাশ করে থাকে।

কথিত আছে, গারোরা যাযাবর জীবন যাপনকালিন তিব্বত থেকে ভারতীয় উপমহাদেশে আগমনকালে এক ভয়াবহ দুর্ভিক্ষের কবলে পড়ে। এই মিথ অনুযায়ী, গারোরা আদিকালে পশুর চামড়ায় নিজেদের বর্ণমালা লিখে রাখত। কিন্তু এই দুর্ভিক্ষের কবলে পড়ে তাদেরকে বর্ণমালা লিখিত চামড়াগুলো সিদ্ধ করে খেতে হয়েছিল। পরিণামে পরবর্তী প্রজন্ম হলো বর্ণহারা।

বর্ণমালা থাকা বা না থাকা সত্ত্বেও গারো ভাষার উন্নয়ন থেমে থাকেনি। দিব্যি অন্য ভাষার বর্ণমালা নিয়ে গারো ভাষা এগিয়েছে অনেক দূর। রোমান হরফ নিয়ে 'আ.চিক' ভাষার এগিয়ে চলার রয়েছে শতাধিক বছরের ইতিহাস। ভারতীয় গারোদের স্ট্যান্ডার্ড বা সংকলিত গারো ভাষা হলো আ.চিক। একে মূলত লেখ্যরূপ দান করার জন্য সংকলিত করা হয়েছে। এ ভাষায় ভারতীয় 'আ.বেং' ও 'আ.ওয়ে' বা 'আ.খাওয়ে' ডায়ালেক্ট-এর প্রাধান্য রয়েছে। এছাড়া অন্যান্য দলের কিছু দলীয় ভাষার শব্দও এখানে বিদ্যমান। এ ভাষার ক্রিয়ার রূপগুলো গ্রহণ করা হয়েছে 'আ.ওয়ে' বা 'আ.খাওয়ে' ডায়ালেক্ট থেকে। যেমন: চা.গেন, রিংগেন, নিগেন ইত্যাদি। যদিও আ.চিক ভাষার কথ্যরূপের সাথে লেখ্যরূপের যথেষ্ট পার্থক্য পরিলক্ষিত হয় তথাপি এ অসামঞ্জস্য থাকা সত্ত্বেও আ.চিক ভাষা ইতোমধ্যে তার নিজস্ব গঠনশৈলী নির্মাণ করে নিয়েছে। এ ভাষায় অভিধানসহ নানা ধরনের সাহিত্য রচিত হয়েছে।

'আ.বেং' গারোদের সর্বজনবোধ্য শক্তিশালী একটি দলীয় ভাষা। অন্যান্য দলের সবার বোধগম্য হওয়া সত্ত্বেও ভারতীয় গারোরা শুধু আ.বেংকে সর্বজনীন স্ট্যান্ডার্ড হিসেবে গ্রহণ করেনি। এর পিছনে অবশ্য একটি কারণ রয়েছে। অন্যদিকে বাংলাদেশি গারোরা এখনো কোনো ডায়ালেক্টকে সর্বজনীন স্ট্যান্ডার্ড হিসেবে গ্রহণ করেনি বা করতে পারেনি। আমাদের সামনে সুযোগ রয়েছে আ.বেংকে স্ট্যান্ডার্ড ভাষা হিসেবে গ্রহণ করার বা আ.বেংকে মূল ভাষা রেখে অন্যান্য ডায়ালেক্ট-সহযোগে একটা সংকলিত ভাষা তৈরি করার। অন্তত বোধগম্যতার বিচারে তাই-ই হওয়া উচিত। তবে এ ভাষা চর্চার জন্য বাংলা না রোমান হরফ ব্যবহৃত হবে তা নিয়ে বিতর্ক বা জটিলতা থাকতে পারে। সেদিকে যাচ্ছি না। অভিধানে বাংলা বর্ণমালা নির্বাচনের মূল কারণ যুক্তবর্ণের উচ্চারণগুলো প্রকাশের ক্ষেত্রে রোমান বর্ণমালার অক্ষমতা।

ভাষাকে সুশৃঙ্খল করার প্রয়াসেই তার বানানরীতি থাকা আবশ্যক। বানানরীতি না থাকার দরুন বা বানানরীতি সম্পর্কে পূর্ণজ্ঞান না থাকার কারণেই ভাষা তার শৃঙ্খলা হারায়। গারো ভাষার জন্য বাংলা বানানরীতি কেমন হবে বা কেমন হওয়া উচিত– সে বিষয়ে নিচে কিছু প্রস্তাবনা তুলে ধরা হলো।

১. যে বর্ণগুলো গারো শব্দে ব্যবহৃত হবে–

(গ) স্বরবর্ণ

অ আ ই উ এ ও

(২) ব্যঞ্জনবর্ণ

ক খ গ ঙ চ ছ জ ত থ দ ন প ফ ব ম র ল স হ য় ং

২. যে কার ও ফলাগুলো গারো শব্দে ব্যবহৃত হবে–

(গ) কার

আ-কার (া), ই-কার (ি), উ-কার (ু) এ-কার (ে), ও-কার-(ো)

(২) ফলা

ন-ফলা (ন), ম–ফলা (ম), র-ফলা (্র), ল-ফলা (ল)

৩. যে যুক্তবর্ণগুলো গারো শব্দে ব্যবহৃত হবে– (উদাহরণ)

ক্+ক=ক্ক (রাক্কা)	চ্+ল=চ্ল (বি.চ্লেপা)	ন্+ন=ন্ন (চন্না)	ম্+ফ=ম্ফ (থা.ম্ফি)
ক্+র=ক্র (আসাক্রা)	জ্+র=জ্র (জ্রাঙা)	প্+প=প্প (গাপ্পা)	ম্+ম=ম্ম (নাম্মা)
ক্+ল=ক্ল (চি.ক্লাং)	ত্+ত=ত্ত (চাত্তা)	প্+র=প্র (তেপ্রত)	ম্+র=ম্র (ম্রং)
ক্+স=ক্স (চেক্সি)	ত্+থ=ত্থ (গিত্থাং)	প্+ল=প্ল (আপ্লাক)	ম্+ল=ম্ল (খম্লং)
খ্+ন=খ্ন (খ্নকা)	ত্+র=ত্র (জেত্রা)	ফ্+ন=ফ্ন (গফ্নেকা)	ল্+ল=ল্ল (দেল্লা)
খ্+র=খ্র (নকখ্রম)	ত্+ল=ত্ল (তেংত্লাপ)	ফ্+র=ফ্র (ফ্রাপা)	স্+ক=স্ক (স্কু)
খ্+ল= খ্ল (বি.খ্লাকা)	থ্+র=থ্র (থ্র)	ফ্+ম=ফ্ম (হা.ফ্মক)	স্+খ=স্খ (স্খু)
গ্+ন=গ্ন (অকগ্নাং)	থ্+ল=থ্ল (চা.থ্লঙা)	ব্+দ=ব্দ (গব্দা)	স্+ত=স্ত (খাস্তিকা)
গ্+র=গ্র (গ্রো)	দ্+দ=দ্দ (গিদ্দাল)	ব্+ন=ব্ন (ব্নেকা)	স্+থ=স্থ (স্থাপা)
গ্+ল=গ্ল (গংগ্লাং)	দ্+র=দ্র (দ্রং)	ব্+ব=ব্ব (সুব্বাকা)	স্+ন=স্ন (স্নাল)
ঙ্+খ=ঙ্খ (হা.ঙ্খলক)	দ্+ল=দ্ল (দ্লংদ্লং)	ব্+র=ব্র (ব্রিয়া)	স্+ফ=স্ফ (স্ফুয়া)
চ্+চ=চ্চ (চাচ্চি)	ন্+ত=ন্ত (বিফান্তু)	ব্+ল=ব্ল (থমব্লং)	স্+ম=স্ম (সুস্মি)
চ্+ছ=চ্ছ (মাচ্ছা)	ন্+থ=ন্থ (মান্থি)	ম্+প=ম্প (দাম্পাক)	স্+র=স্র (স্রাকা)
চ্+র=চ্র (চ্রা)	ন্+দ=ন্দ (মান্দা)	ম্+ব=ম্ব (আম্বুন)	স্+ল=স্ল (দ.স্লেকা)

৪. উচ্চারণের সাথে বানানের সমতা বিধানের জন্য উচ্চারণ অনুযায়ী বানান লিখতে হবে।

৫. গারো ভাষায় যেসব বাংলা ও বিদেশি শব্দ ব্যবহৃত হবে তা বিদ্যমান প্রমিত বাংলা বানানরীতি অনুসরণ করবে।

৬. যে শব্দগুলোর উচ্চারণ প্রচলিত বাংলা স্বরবর্ণের মাধ্যমে সম্ভব নয়, সে শব্দগুলোর বানানে, যুক্তিগ্রাহ্য বর্ণ গৃহীত না হওয়া পর্যন্ত উ-কার এবং ই-কার উভয়কেই ব্যবহার করা যাবে।

৭. কিছু বাংলা শব্দের শেষাংশের 'র' লুপ্ত হয়ে তাতে 'ল' যুক্ত হয়ে গারো ভাষায় ব্যবহৃত হবে। এসব শব্দের পূর্বাংশ ঈষৎ পরিবর্তিত হবে বা অবিকল থাকবে বা বাংলা বানানকে অনুসরণ করবে। যেমন: হাজার>হাজাল; ঈশ্বর>ইসল; খবর>খবল ইত্যাদি। সরাসরি বাংলা বানানটিও ব্যবহৃত হতে পারবে।

৮. বাংলা ভাষায় ব্যবহৃত সব বিরাম চিহ্ন ব্যবহৃত হবে। কেবল ঊর্ধ্বকমা বা ইলেক বা লোপ চিহ্ন বিলুপ্ত হবে। নিজস্ব সাংকেতিক চিহ্ন হিসেবে রাক্কা (.) ব্যবহৃত হবে।

৯. রাক্কার নিয়মাবলি

(ক) রাক্কা স্বরকে থামানোর একটি প্রক্রিয়া। এই প্রক্রিয়াকে গ্লটাল স্টপ বা স্বরতন্ত্রীয় স্পৃষ্ট বলে। এটির উৎপত্তি ঘটে গ্লটিসে (ভোকাল কর্ডের মাঝখানে অবস্থিত জায়গা)। গ্লটিস বন্ধ করলে এবং তা পুনরায় দ্রুত খুললে রাক্কার উৎপত্তি ঘটে।

(খ) রাক্কাযুক্ত শব্দ উচ্চারণ করার সময় রাক্কার পূর্বোক্ত বর্ণ উচ্চারণ করে অতি অল্পক্ষণ থেমে এর সাথে যুক্ত স্বরবর্ণ দ্রুত উচ্চারণ করে বাকি অংশটা উচ্চারণ করতে হবে। যেমন: গা.কা। এর উচ্চারণ হবে গা.-কা। একইভাবে– হা.ফাল। এর উচ্চারণ হবে 'হা.-ফাল'। 'হা.' বলার পর অতি অল্পক্ষণ থেমে 'ফাল' বলে এর উচ্চারণ সম্পন্ন করা যায়।

(গ) রাক্কাযুক্ত বর্ণের পরে কোনো ব্যঞ্জনবর্ণ না আসলে রাক্কার পূর্বোক্ত শব্দের সাথে যুক্ত স্বরবর্ণটি দ্বিতীয়বার রাক্কার পরে স্পষ্ট উচ্চারিত হয় অর্থাৎ স্বরগমনটা স্পষ্ট বুঝা যায়। যেমন: খু.উ [খু.-উ]; হা.আ [হা.-আ]; চা.আ [চা.-আ] ইত্যাদি।

(ঘ) রাক্কা সাধারণত একটি ধ্বনির পরে বসে। যেমন: মা.নক; হা.বিমা; দা.ল ইত্যাদি। কিছু কিছু ক্ষেত্রে যেমন সমাসের মাধ্যমে সংক্ষেপণের বেলায় একাধিক বর্ণের পরে বসতে পারে। রাক্কার পর যুক্তবর্ণ থাকতে পারে বা নাও থাকতে পারে। যেমন: হা.নিংচা; দা.ল্লা; মা.ন্না ইত্যাদি।

(ঙ) রাক্কার পর পরাশ্রয়ী বর্ণ অর্থাৎ অনুস্বার (ং) ব্যবহার করা যাবে না; পূর্ণ বর্ণ দিতে হবে। যেমন: 'জ.ঙ' লিখতে হবে, 'জ.ং' লেখা যাবে না। রাক্কা না থাকলে অবশ্যই অনুস্বার (ং) ব্যবহার করতে হবে 'ঙ' দেওয়া যাবে না। যেমন: 'আংঙা' লিখতে হবে 'আঙঙা' লেখা যাবে না।

(চ) পরাশ্রয়ী বর্ণে কোনো কার চিহ্ন দেওয়া যায় না বা বিভক্তি যোগ করা যায় না। তাই বিভক্তি যোগ হলে 'ঙ' ব্যবহার করতে হবে। বিভক্তিযোগের প্রয়োজন না হলে অনুস্বার (ং) ব্যবহৃত হবে। যেমন: 'নিঙা' লিখতে হবে 'নিংা' নয়, 'ফ্রিং' লিখতে হবে 'ফ্রিঙ' নয় ইত্যাদি। ঙ+গ=ঙ্গ এই যুক্তবর্ণটি ব্যবহার না করে এর জায়গায় 'ংগ' লিখতে হবে।

(ছ) রাক্কা, বর্ণের নিম্নাংশ বরাবর দেওয়া যাবে। [লেখার সুবিধার কথা বিবেচনা করে]

(জ) রাক্কার পর সাধারণত কোনো শব্দাংশ থাকে। যেমন– হা.খিন; হা.আ; খু.উ ইত্যাদি। তবে কিছু কিছু অনুজ্ঞার ক্ষেত্রে শব্দাংশ নাও থাকতে পারে। যেমন: চা.; গা. ইত্যাদি।

১০. গারো শব্দে হসন্ত (্) এবং রেফ (র্) ব্যবহৃত হবে না।

১১. গাণিতিক এবং বৈজ্ঞানিক চিহ্নগুলো অবিকল ব্যবহৃত হবে। গানের ক্ষেত্রে স্তবকের শেষে দুটো দাড়ি দেওয়া যাবে।

১২. নঞর্থক অব্যয় পদ যেমন– 'জা' পূর্বপদের সাথে বসবে। যেমন– চন্না–চনজা; খা.ল্লা–খা.লজা; সেংনো–সেংজানো ইত্যাদি।

১৩. নঞর্থক অব্যয় পদ 'জা' পূর্বপদের সাথে যুক্ত হলে কিছু শব্দের 'ঙ'-এর স্থলে অনুস্বার (ং) প্রতিষ্ঠাপিত হবে। যেমন: সেঙা-সেংজা; হা.নসেঙা-হা.নসেংজা ইত্যাদি। [৮নং অনুচ্ছেদের (ঙ) ও (চ) উপানুচ্ছেদে দ্রষ্টব্য]

১৪. বচনভেদে পদাশ্রিত নির্দেশকেরও বিভিন্নতা প্রযুক্ত হবে। পদাশ্রিত নির্দেশকটি অবশ্যই পূর্বপদের সাথে যুক্ত হবে। যেমন: মান্দিরাং; সিব্রুরাং; জ.ঙরাং; রামারাং ইত্যাদি।

১৫. আধুনিক মুদ্রণলিপিতে উ-কারের একাধিক রূপের মধ্যে একটি রূপকেই ব্যবহার করা হচ্ছে। সে কারণে গু/রু/হু ইত্যাদি না লিখে যথাক্রমে গ্/রু/হু ইত্যাদি লেখা হয়েছে।

১৬. কোনো শব্দে বিদ্যমান 'য়া' এর উচ্চারণ 'এয়া' অথবা 'ওয়া=আ' হবে। 'য়া'-এর পূর্বাংশের সাথে এ-কার বা ই-কার বা আ-কার থাকলে 'এয়া' আবার উ-কার এবং ও-কারের বেলায় 'ওয়া' উচ্চারিত হবে। যেমন: নিয়া [নি-এয়া]; সু.য়া [সু.-ওয়া] ইত্যাদি।

১৭. সন্ধির নিয়মাবলি

(ক) সন্ধিতে প্রথম বর্ণ অঘোষ এবং পরবর্তী বর্ণ ঘোষ হলে দুটি মিলে ঘোষ বর্ণের দ্বিত্ব হয়। গারো শব্দের বানানগুলোতে এ নিয়ম অনুসরণ করা হয়েছে। যেমন: মিত্+দি=মিদ্দি; গিত্+দাল=গিদ্দাল রুপ্+বলা=রুব্বলা ইত্যাদি।

(খ) ত, দ বা খণ্ড-ৎ-এর পর চ থাকলে ত, দ বা খণ্ড-ৎ-স্থলে চ হয়। যেমন: গিত্+চাক=গিচ্চাক; গিত্+চাম=গিচ্চাম; গিত্+চা=গিচ্চা ইত্যাদি।

১৮. ক্রিয়া বা বিশেষণকে না-বোধক করার নিয়ম

(ক) শব্দ শেষের ফলা বা যুক্তবর্ণ ভেঙে শেষের অক্ষরটা বাদ দিয়ে 'জা' যুক্ত করতে হয়। যেমন: রাক্কা–রাকজা; ন.ম্মা–ন.মজা; চন্না–চনজা ইত্যাদি।

(খ) শব্দ শেষের বিদ্যমান 'য়া' বাদ দিয়ে 'জা' যুক্ত করতে হয়। যেমন: নিয়া–নিজা; সিয়া–সিজা; থারিয়া–থারিজা ইত্যাদি।

(গ) কিছু শব্দ রয়েছে যাদের ব্যুৎপত্তি মূলত বাংলা থেকে সেসব শব্দের শেষের 'য়া'-এর 'আ-কার' বাদ দিয়ে 'জা' যুক্ত করতে হয় । যেমন: চালায়া–চালায়জা; চাবায়া–চাবায়জা; বানায়া–বানায়জা ইত্যাদি।

(ঘ) শব্দ শেষের 'পা'-এর 'আ-কার' বাদ দিয়ে 'জা' যুক্ত করতে হয়। যেমন: চা.গপা–চা.গপজা; থুগপা–থুগপজা; সালগপা-সালগপজা ইত্যাদি।

(ঙ) শব্দ শেষের 'কা'-এর 'আ-কার' বাদ দিয়ে 'জা' যুক্ত করতে হয়। যেমন: হা.সিকা–হা.সিকজা; চাংগ্রিকা–চাংগ্রিকজা; চাদ্রকা–চাদ্রকজা ইত্যাদি।

(চ) শব্দ শেষের 'ওয়া' বাদ দিয়ে 'জা' যুক্ত করতে হয়। যেমন: স.ওয়া–স.জা; সওয়া-সজা; গওয়া–গজা ইত্যাদি।

(ছ) শব্দ শেষের ‘তা’-এর ‘আ-কার’ বাদ দিয়ে ‘জা’ যুক্ত করতে হয়। যেমন: চাদাতা–চাদাতজা; দা.লদাতা–দা.লদাতজা; গাহাতা–গাহাতজা ইত্যাদি।

(জ) যেসব শব্দে রাক্কা থাকবে না সেসব শব্দের শেষের ‘ঙা’-এর ‘আ-কার’ বাদ যাবে। এ কারণে ‘ঙ’-এর স্থলে অনুস্বার (ং) প্রতিষ্ঠাপিত হবে ও ‘জা’ যুক্ত হবে। যেমন: সেঙা–সেংজা; আসোঙা–আসোংজা; খা.দিঙা–খা.দিংজা ইত্যাদি।

(ঝ) রাক্কাযুক্ত শব্দে অনুস্বার (ং) প্রতিষ্ঠাপিত হবে না এবং শব্দ শেষের ‘ঙা’ বাদ যাবে। যেমন: চে.ঙঙা–চে.ঙজা; চি.ঙঙা–চি.ঙজা; সি.ঙঙা–সি.ঙজা ইত্যাদি।

(ঞ) শব্দ শেষের ‘ংঙা’-এর ‘ঙা’ বাদ দিয়ে ‘জা’ যুক্ত করতে হয়। যেমন: চাংঙা–চাংজা; খাংঙা–খাংজা; জাংঙা–জাংজা ইত্যাদি।

(ট) শব্দ শেষের ‘লা’-এর ‘আ-কার’ বাদ দিয়ে ‘জা’ যুক্ত করতে হয়। যেমন: সু.গালা-সু,গালজা; নিগালা-নিগালজা; রিংগালা-রিংগালজা ইত্যাদি।

(ঠ) শব্দ শেষের ‘আ’ বাদ গিয়ে ‘জা’ যুক্ত হবে। যেমন: নাআ-নাজা; গাআ-গাজা; চা.আ-চা.জা ইত্যাদি।

১৯. দিরুক্ত শব্দ লেখার নিয়ম

(ক) একই শব্দ অবিকল দুইবার উক্ত হলে মাঝখানে ফাঁক রাখতে হবে। যেমন: চি.জাক চি.জাক; চি.ঙচেত চি.ঙচেত; চি.নক চি.নক ইত্যাদি।

(খ) শব্দে, ব্যঞ্জনবর্ণ দুই বা দুই-এর কম হলে সমস্ত পদ হিসেবে লিখতে হবে। যেমন: থুমথুম; ফ্রুফ্রু; ব্রুব্রু; স.মস.ম ইত্যাদি। আর শব্দে, ব্যঞ্জনবর্ণ দুই-এর অধিক হলে মাঝখানে ফাঁক থাকবে। যেমন: চি.জাক চি.জাক; চি.ঙচেত চি.ঙচেত; চি.নক চি.নক ইত্যাদি।

২০. সমাসের ক্ষেত্রে বা আংশিক পরিবর্তিত, সমার্থক ও বিপরীত শব্দ যোগ হলে হাইফেন ব্যবহার করতে হবে অথবা সমস্ত পদ হিসেবে লিখতে হবে। যেমন: রিকখি–রকখত; ব.ন্না–জুম্মা; চন্না–দা.ল্লা ইত্যাদি।

২১. গারো ভাষায় ভিন্ন ভাষার শব্দগুলোর বিবর্তনের প্রক্রিয়া

(ক) ক্রিয়াজাতীয় শব্দ শেষে আ-কার থাকলে তা লুপ্ত হয়ে সে স্থলে ‘ইয়া’ যুক্ত হয়। যেমন: মারা>মার্+ইয়া=মারিয়া; চলা>চল্+ইয়া=চলিয়া; বাজা>বাজ্+ ইয়া = বাজিয়া ইত্যাদি।

(খ) ক্রিয়াজাতীয় শব্দ শেষে ‘নো’ থাকলে তা লুপ্ত হয়ে সে স্থলে ‘য়া’ যুক্ত হয়। যেমন: বানানো>বানা+য়া=বানায়া; চালানো>চালা+য়া=চালায়া; সারানো>সারা+য়া=সারায়া ইত্যাদি।

(গ) শব্দ শেষে এ-কার থাকলে তা লুপ্ত হয়ে সে স্থলে ‘ইয়া’ যুক্ত হয়। যেমন: আলসে>আলস্+ইয়া=আলসিয়া।

(ঘ) ধ্বনি পরিবর্তন

- ‘ও-কার’ ‘উ-কার’-এ। যেমন: সোনা>সুনা; ঘোড়া>গুরা, গুরে; সোজা>সুজা; বোবা>বুবা।
- ‘ও-কার’ লুপ্ত হয়ে ‘অ’-তে। যেমন: চোরা>চরা।
- ‘ঔ-কার’ লুপ্ত হয়ে ‘অ’-তে। যেমন: চৌকি>চখি; চৌকিদার>চখিদার।
- ‘ক’ ধ্বনি ‘খ’ ধ্বনিতে। যেমন: কথা>খাথা।

- ‘খ’ ধ্বনি ‘ক’ ধ্বনিতে। যেমন: দুখ>দুক, দুখ।
- ‘ঘ’ ধ্বনি ‘গ’ ধ্বনিতে। যেমন: ঘোড়া>গুরা, গুরে; ঘুরানো>গুরা+য়া=গুরায়া।
- ‘ঝ’ ধ্বনি ‘জ’ ধ্বনিতে। যেমন: ঝাঁটা>জাত্তা, জাত্থা।
- ‘ট’ ধ্বনি ‘ত’ বা ‘থ’ ধ্বনিতে। যেমন: কাটা>কাত্+ত+ইয়া=কাত্তিয়া; ঝাঁটা>জাত্+তা, থা=জাত্তা, জাত্থা; টাকা>থাংখা।
- ‘ধ’ ধ্বনি ‘দ’ ধ্বনিতে। যেমন: দুধ>দুদ; ধন্না>দন্না; ধুতি>দুতি।
- ‘ড়’ ধ্বনি ‘র’ ধ্বনিতে। যেমন: বাড়ানো>বারা+য়া=বারায়া; বুড়া>বুরা; বুড়ি>বুরি; পড়ানো>পরায়া।

(ঙ) দ্বিত্ব

- ক ধ্বনির দ্বিত্ব। যেমন: চাকু>চাক্+কু=চাক্কু।
- ত ধ্বনির দ্বিত্ব। যেমন: পুতুল>পুত্+তুলা=পুত্তুলা।
- ন ধ্বনির দ্বিত্ব। যেমন: ধনিয়া>দুন্+নিয়া=দুন্নিয়া।
- প ধ্বনির দ্বিত্ব। যেমন: টুপি>তুপ্+পি=তুপ্পি।
- ল ধ্বনির দ্বিত্ব। যেমন: ধুলা>দুল্+লা=দুল্লা।

(চ) দ্বিত্ব না হয়ে পাশাপাশি বর্ণের সাথে বসে বা যুক্তবর্ণ গঠন করে। যেমন:

- ‘ক’ ধ্বনি ‘কখ’ গঠন করে। যেমন: চাকর>চাক্+খল=চাকখল; চাকা>চাক+খা=চাকখা; আঁকা>আক্+খিয়া=আকখিয়া।
- ‘খ’ ধ্বনি ‘কখ’ গঠন করে। যেমন: লেখা>লেক্+খা=লেকখা।
- ‘ট’ ধ্বনি ‘ত্থ’ গঠন করে। খাটা>খাত্+থিয়া=খাত্থিয়া।
- ‘থ’ ধ্বনি ‘ত্থ’ গঠন করে। যেমন: কথা>কত্থা।

(ছ) শব্দে ‘র’ ধ্বনি থাকলে তা লুপ্ত হয়ে সে স্থলে ‘ল’ ধ্বনি যুক্ত হয়। যেমন: হাজার>হাজাল; ঈশ্বর>ইসল; সাগর>সাগাল; বিচার>বিচাল ইত্যাদি।

বর্ণ বর্জনের কারণ

১. ঈ ঊ ঋ এবং এদের কারগুলো (ী ূ ৃ) কেবল তৎসম শব্দে ব্যবহৃত হয় বলে এদের বাদ দেওয়া হয়েছে। একই কারণে ব্যঞ্জনবর্ণের বেলায় মূর্ধন্য ণ ও মূর্ধন্য ষ এবং এদের দ্বারা সৃষ্ট যুক্তবর্ণগুলো বর্জন করা হয়েছে। [বর্জনের কারণ সংবলিত ৬নং অনুচ্ছেদে দ্রষ্টব্য] (ব্যতিক্রম: মৃ)

২. যৌগিক স্বরজ্ঞাপক বলে ঐ (ও+ই) এবং ঔ (ও+উ) এবং এদের কারগুলো (ৈ ৌ) বাদ দেওয়া হয়েছে।

৩. ঘ ঝ ঞ ট ড ঢ ধ ভ ড় ঢ় ঃ ঁ এদের উচ্চারণ নেই বলে এদের এবং এদের দ্বারা সৃষ্ট যুক্তবর্ণগুলো বর্জন করা হয়েছে। [বর্জনের কারণ সংবলিত ৬নং অনুচ্ছেদে দ্রষ্টব্য] (ব্যতিক্রম: ঘাগ্রা)

৪. বানান সহজ করার স্বার্থে এবং একটি দিয়ে অপরটির প্রয়োজন মেটানো যায় বলে সমোচ্চারিত বা প্রায় সমোচ্চারিত ধ্বনি বা বর্ণ থেকে শুধু একটি বর্ণকে গ্রহণ করা হয়েছে। যথা:

জ এবং য থেকে জ-কে গ্রহণ করা হয়েছে

ত এবং খণ্ড-ৎ থেকে ত-কে গ্রহণ করা হয়েছে

থ এবং ঠ থেকে থ-কে গ্রহণ করা হয়েছে

স এবং শ থেকে স-কে গ্রহণ করা হয়েছে

৫. প্রয়োজন পড়ে না বলে য–ফলা (্য) এবং ব-ফলা (্ব) বর্জন করা হয়েছে।

৬. যে যুক্তাক্ষর বা যুক্তবর্ণগুলো বর্জন করা হয়েছে–

ক্+ট=ক্ট	ঙ্+ম=ঙ্ম	ণ্+ড+র=ণ্ড্র	ধ্+র=ধ্র	ম্+প+র=ম্প্র	ষ্+ব=ষ্ব
ক্+ত=ক্ত	চ্+ছ+ব=চ্ছ্ব	ণ্+ঢ=ণ্ঢ	ন্+ট=ন্ট	ম্+ব=ম্ব	ষ্+ম=ষ্ম
ক্+ত+র=ক্ত্র	চ্+ছ+র=চ্ছ্র	ণ্+ন=ণ্ন	ন্+ঠ=ন্ঠ	ম্+ভ=ম্ভ	শ্+ছ=শ্ছ
ক্+ব=ক্ব	চ্+ঞ=চ্ঞ	ণ্+ব=ণ্ব	ন্+ড=ন্ড	ম্+ভ+র=ম্ভ্র	শ্+ন=শ্ন
ক্+ম=ক্ম	চ্+য=চ্য	ণ্+ম=ণ্ম	ন্+ত+ব=ন্ত্ব	ম্+য=ম্য	শ্+ব=শ্ব
ক্+য=ক্য	জ্+জ=জ্জ	ণ্+য=ণ্য	ন্+ত+য=ন্ত্য	র্+ক, খ...=র্ক, র্খ	শ্+ম=শ্ম
ক্+ষ=ক্ষ	জ্+ঝ=জ্ঝ	ত্+ত+ব=ত্ত্ব	ন্+ত+র+য=ন্ত্র্য	র্+ক, খ...+য=র্ক্য, র্খ্য	শ্+য=শ্য
ক্+ষ+ণ=ক্ষ্ণ	জ্+ব=জ্ব	ত্+ন=ত্ন	ন্+দ+য=ন্দ্য	ল্+ক=ল্ক	শ+র=শ্র
ক্+ষ+ম=ক্ষ্ম	জ্+য=জ্য	ত্+ব=ত্ব	ন্+দ+ব=ন্দ্ব	ল্+গ=ল্গ	শ্+ল=শ্ল
ক্+ষ+য=ক্ষ্য	ঞ্+চ=ঞ্চ	ত্+ম=ত্ম	ন্+দ+র=ন্দ্র	ল্+ট=ল্ট	স্+ক+র=স্ক্র
খ্+য=খ্য	ঞ্+ছ=ঞ্ছ	ত্+ম+য=ত্ম্য	ন্+ধ=ন্ধ	ল্+ড=ল্ড	স্+ট=স্ট
গ্+ণ=গ্ণ	ঞ্+জ=ঞ্জ	ত্+য=ত্য	ন্+ধ+য=ন্ধ্য	ল্+প=ল্প	স্+ট+র=স্ট্র
গ্+ধ=গ্ধ	ঞ্+ঝ=ঞ্ঝ	ত্+র+য=ত্র্য	ন্+ধ+র=ন্ধ্র	ল্+ব=ল্ব	স্+ত+য=স্ত্য
গ্+ন+য=গ্ন্য	ট্+ট=ট্ট	থ্+ব=থ্ব	ন্+ব=ন্ব	ল্+ভ=ল্‌ভ	স্+থ+য=স্থ্য
গ্+ব=গ্ব	ট্+ব=ট্ব	থ্+য=থ্য	ন্+ম=ন্ম	ল্+ম=ল্ম	স্+প=স্প
গ্+ম=গ্ম	ট্+ম=ট্ম	দ্+গ=দ্গ	ন্+য=ন্য	ল্+য=ল্য	স্+ব=স্ব
গ্+য=গ্য	ট্+য=ট্য	দ্+ঘ=দ্ঘ	প্+ট=প্ট	শ্+চ=শ্চ	স্+য=স্য
গ্+র+য=গ্র্য	ট্+র=ট্র	দ্+দ+ব=দ্দ্ব	প্+ত=প্ত	ষ্+ক=ষ্ক	হ্+ণ=হ্ণ
ঘ্+ন=ঘ্ন	ড্+ড=ড্ড	দ্+ধ=দ্ধ	প্+ন=প্ন	ষ্+ক+র=ষ্ক্র	হ্+ন=হ্ন
ঘ্+য=ঘ্য	ড্+য=ড্য	দ্+ব=দ্ব	প্+য=প্য	ষ্+ট=ষ্ট	হ্+ব=হ্ব
ঙ্+ক=ঙ্ক	ড্+র=ড্র	দ্+ভ=দ্ভ	প্+র+য=প্র্য	ষ্+ট+য=ষ্ট্য	হ্+ম=হ্ম
ঙ্+ক+য=ঙ্ক্য	ড়্+গ=ড়্গ	দ্+ম=দ্ম	প্+স=প্স	ষ্+ট+র=ষ্ট্র	হ্+য=হ্য
ঙ্+ক+ষ=ঙ্ক্ষ	ঢ্+য=ঢ্য	দ্+য=দ্য	ব্+জ=ব্জ	ষ্+ঠ=ষ্ঠ	হ্+র=হ্র
ঙ্+গ=ঙ্গ	ঢ্+র=ঢ্র	দ্+র+য=দ্র্য	ব্+ধ=ব্ধ	ষ্+ঠ+য=ষ্ঠ্য	হ্+ল=হ্ল
ঙ্+গ+য=ঙ্গ্য	ণ্+ট=ণ্ট	ধ্+ন=ধ্ন	ব্+য=ব্য	ষ্+ণ=ষ্ণ	
ঙ্+ঘ=ঙ্ঘ	ণ্+ঠ=ণ্ঠ	ধ্+ব=ধ্ব	ভ্+য=ভ্য	ষ্+প=ষ্প	
ঙ্+ঘ+য=ঙ্ঘ্য	ণ্+ড=ণ্ড	ধ্+ম=ধ্ম	ভ্+র=ভ্র	ষ্+প+র=ষ্প্র	
ঙ্+ঘ+র=ঙ্ঘ্র	ণ্+ড+য=ণ্ড্য	ধ্+য=ধ্য	ম্+ন=ম্ন	ষ্+ফ=ষ্ফ	

৭. হসন্তকে যেসব কারণে বাদ দেওয়া হয়েছে

(ক) আধুনিক বাংলারীতিতে এর ব্যবহার যথাসম্ভব সঙ্কুচিত করতে বলা হয় বলে

(খ) হসন্ত ছাড়াই উচ্চারণ অবিকল থাকে বলে

(গ) বানান বিশৃঙ্খলা দেখা যাবে বলে

৮. বানানের সুবিধার্থে এবং ‘র’ দিয়ে রেফ-এর প্রয়োজন মেটানো যায় বলে রেফ বর্জন করা হয়েছে।

৯. আধুনিক বাংলা লিপিতে লোপ বা ইলেক চিহ্ন বর্জন করতে বলা হয় বলে একে বাদ দেওয়া হয়েছে।

শব্দসংক্ষেপ

অব্য	অব্যয়	*দু.*	দুয়াল
অমূ.	অজ্ঞাত মূল	*প্রা.*	প্রাকৃত
অশুপ্র.	অশুদ্ধ প্রচলিত	*প্রশ.*	প্রতিশব্দ
অস.	অসমিয়া	*প.*	পর্তুগিজ
আ.	আরবি	*পু.*	পুংলিঙ্গ
আঞ্চ.	আঞ্চলিক	*ফা.*	ফারসি
আঞ্চ.বা.	আঞ্চলিক বাংলা	*বা.*	বাংলা
আত.	আত্তং	*বাগ.*	বাগধারা
ই.	ইংরেজি	*ব্রা.*	ব্রাক
ক্র.ন.	ক্রমিক নম্বর	*বি*	বিশেষ্য
ক্রি	ক্রিয়া	*বিণ*	বিশেষণ
ক্রিবিণ	ক্রিয়াবিশেষণ	*মবা.*	মধ্যযুগীয় বাংলা
গা.	গারো	*মু.*	মুণ্ডা
গ্রি.	গ্রিক	*স.*	সংস্কৃত
চা.	চাইনিজ	*সম.*	সমন
চি.	চিবক	*সর্ব*	সর্বনাম
তু.	তুর্কি	*স্ত্রী.*	স্ত্রীলিঙ্গ
তুল.	তুলনীয়	*হি.*	হিন্দি

স্বরবর্ণ অংশ

অ

অ [অ] স্বরে অ; বাংলা ভাষার প্রথম স্বরবর্ণ

অই, অইত, ওই, ওইত [অই, অইত্, ওই, ওইত্] *অব্য* সম্বোধনসূচক শব্দ; এই যে; ওহে; হে। {*গা.*}

অইখর, অকখর [অইখর্, অক্‌খর্] *ক্রি* অক্ষর। {*স.* অ(নঞ্‌)+√ক্ষর্+অ(অচ্)>*বা.* অক্ষর>}

অইত *দ্র* অই

অওয়া [অওয়া] *ক্রি* আবরণ উঠানো; খোসা ছাড়ানো {*গা.*}

অ, অবো [অ, অবো] *ক্রি* অনুজ্ঞা। {*গা.*}

অগাগালা [অগাগালা] *ক্রি* দ্রুত আবরণ উঠানো। {*গা.*}

অগিতা, অগিলা, অদিলা [অগিতা, অগিলা, অদিলা] *ক্রি* আবরণ উঠাতে বলা; খোসা ছাড়াতে বলা। {*গা.*}

অচ্রাকা [অচ্রাকা] *ক্রি* শক্তি খাটিয়ে আবরণ উঠানো। {*গা.*}

অচেঙা [অচেঙা] *ক্রি* প্রথমে আবরণ উঠিয়ে নেওয়া। {*গা.*}

অদ্রাকা [অদ্রাকা] *ক্রি* অগোছালোভাবে আবরণ উঠানো। {*গা.*}

অফ্রাকা [অফ্রাকা] **১** *ক্রি* উন্মোচন করা। **২** *ক্রি* খোসা ছিলা। {*গা.*}

অমানা [অমানা] **১** *ক্রি* ভুলক্রমে আবরণ উঠানো। **২** *ক্রি* আবরণ উঠানোর কাজ সমাপ্ত করা। {*গা.*}

অসুয়া, অসোয়া [অসুয়া, অসোয়া] *ক্রি* আগমনের পূর্বে আবরণ উঠানো। {*গা.*}

অক [অক্] *বি* পেট; গর্ভ। *প্রশ.* বুকমা। {*গা.*}

অকখ্রি, অকখ্রিবো [অক্‌খ্রি, অক্‌খ্রিবো] *ক্রি* অনুজ্ঞা। {*গা.*}

অকখ্রিখালা, অকখ্রিখাল্লা [অক্‌খ্রিখালা, অক্‌খ্রিখাল্‌লা] *ক্রি* বেশ কিছু পরিমাণ ক্ষুধা লাগা। {*গা.*}

অকখ্রিগাগালা [অক্‌খ্রিগাগালা] *ক্রি* দ্রুত ক্ষুধা লেগে যাওয়া। {*গা.*}

অকখ্রিগিতা, অকখ্রিগিলা, অকখ্রিদিলা [অক্‌খ্রিগিতা, অক্‌খ্রিগিলা, অক্‌খ্রিদিলা] *ক্রি* ক্ষুধার্ত বানানো। {*গা.*}

অকখ্রিগ্রিকা [অক্‌খ্রিগ্রিকা] *ক্রি* ক্ষুধা লাগা (পরস্পর একসাথে বা প্রতিযোগিতা অর্থে)। {*গা.*}

অকখ্রিগুবা, অকখ্রিগুয়া, অকখ্রিগিবা [অক্‌খ্রিগুবা, অক্‌খ্রিগুয়া, অক্‌খ্রিগিবা] **১** *বি* ক্ষুধার্ত ব্যক্তি বা প্রাণী। **২** *বিণ* ক্ষুধার্ত। {*গা.*}

অকখ্রিজা [অক্‌খ্রিজা] *ক্রি* ক্ষুধা না লাগা। {*গা.*}

অকখ্রিথকা, অকখ্রিথক্কা [অক্‌খ্রিথকা, অক্‌খ্রিথক্‌কা] *ক্রি* ক্ষুধা লাগা (একত্রে সবাই অর্থে)। {*গা.*}

অকখ্রিফা [অক্‌খ্রিফা] *ক্রি* একযোগে ক্ষুধা লাগা। {*গা.*}

অকখ্রিফুলা, অকখ্রিফুল্লা, অকখ্রিফিলা, অকখ্রিফিল্লা [অক্‌খ্রিফুলা, অক্‌খ্রিফুল্‌লা, অক্‌খ্রিফিলা, অক্‌খ্রিফিল্‌লা] **১** *ক্রি* পুনরায় ক্ষুধা লাগা। **২** *ক্রি* অন্য কাজ সম্পন্ন হতে হতে ক্ষুধা লাগা। {*গা.*}

অকখ্রিবা [অক্‌খ্রিবা] *ক্রি* ক্ষুধা লাগিয়ে আসা। {*গা.*}

অকখ্রিবাত্তা [অক্‌খ্রিবাত্‌তা] *ক্রি* অপেক্ষাকৃত বেশি ক্ষুধার্ত হওয়া। {*গা.*}

অকখ্রিমুদিং, অকখ্রিমিদিং [অক্‌খ্রিমুদিং, অক্‌খ্রিমিদিং] *বিণ* ক্ষুধা লাগছে এমন। {*গা.*}

অকখ্রিসিসিয়া [অক্‌খ্রিসিসিয়া] *ক্রি* অল্প ক্ষুধা লাগা। {*গা.*}

অকখ্রিসুয়া, অকখ্রিসোয়া [অক্‌খ্রিসুয়া, অক্‌খ্রিসোয়া] *ক্রি* আগমনের পূর্বে ক্ষুধার্ত হয়ে থাকা। {*গা.*}

অকখ্রিয়া [অক্‌খ্রিয়া] *ক্রি* ক্ষুধা লাগা। {*গা.*}

অকখ্রিয়া-চা.আসিয়া [অক্‌খ্রিয়া-চা.-আসিয়া] *বি* খাদ্যাভাব; দুর্ভিক্ষ। {*গা.*}

অকখ্রিয়া-রিংঙাসিয়া [অক্‌খ্রিয়া-রিংঙাসিয়া] *ক্রি* ক্ষুধা-পিপাসা লাগা। {*গা.*}

অকগ্নাং [অক্‌গ্‌নাং] *বিণ* গর্ভবতী; সন্তানসম্ভবা। *প্রশ.* বুকমাগ্নাং। {*গা.*}

অকগ্নাং-দেগ্নাং [অক্‌গ্‌নাং-দেগ্‌নাং] *বিণ* গর্ভবতী; গর্ভের সন্তানসহ। {*গা.*}

অকগিচ্চাক [অক্‌গিচ্‌চাক্] *বি* আমাশয়। {*গা.*}

অকগিচ্চাকা [অক্‌গিচ্‌চাকা] *ক্রি* আমাশয় হওয়া। {*গা.*}

অকগুমুন, অকগিমিন [অক্‌গুমুন্, অক্‌গিমিন্] *বি* উপবাস। {*গা.*}

অকগুমুন-চাক্কা, অকগিমিন-চাক্কা [অক্‌গুমুন্-চাক্‌কা, অক্‌গিমিন্-চাক্‌কা] *বি* অনাহারে থাকা। {*গা.*}

অকগুমুন-চা.গুমুন, অকগিমিন-চা.গিমিন [অক্‌গুমুন্-চা.-গুমুন্, অক্‌গিমিন্-চা.-গিমিন্] *বি* উপবাস। {*গা.*}

অকগুমুন দংঙা, অকগিমিন দংঙা [অক্‌গুমুন্ দংঙা, অক্‌গিমিন্ দংঙা] *ক্রি* উপবাস থাকা। {*গা.*}

অকগুমুন দন্না, অকগিমিন দন্না [অক্‌গুমুন্ দন্‌না, অক্‌গিমিন্ দন্‌না] *ক্রি* উপোষ রাখা। {*গা.*}

অকগুমুন রা.রিকা, অকগিমিন রা.রিকা [অক্‌গুমুন্ রা.-রিকা, অক্‌গিমিন্ রা.-রিকা] *ক্রি* উপবাস রাখা। {*গা.*}

অকচি-অকথং [অক্‌চি-অক্‌থং] *বিণ* পেটফোলা। {*গা.*}

অকচিক্কা [অক্ চিক্‌কা] *ক্রি* পেট কামড়ানো; পেট ব্যথা করা। {*গা.*}

অকচিথং, অকথংসি [অক্‌চিথং, অক্‌থংসি] **১** *বিণ* পেটফোলা। **২** *ক্রি* পেট ফুলে যাওয়া। {*গা.*}

অকচিপ্রত [অক্‌চিপ্রত্] *বি* প্লীহার রোগ। {*গা.*}

অকচিফাং [অক্‌চিফাং] *বি* তলপেট। {*গা.*}

অকচেপেত [অক্‌চেপেত্] *বিণ* পেট-চ্যাপটা। {*গা.*}

অকচেপেতা [অক্‌চেপেতা] **১** *বিণ* পেট-চ্যাপটা। **২** *ক্রি* চ্যাপটা পেট হওয়া। {*গা.*}

অকথং, অকথংথং [অক্‌থং, অক্‌থংথং] *বিণ* রোগের কারণে পেট ফোলা এমন। {*গা.*}

অকথঙা [অক্‌থঙা] **১** *বিণ* পেটমোটা (রোগ)। **২** *ক্রি* রোগের কারণে পেট মোটা হওয়া। {*গা.*}

অকথেপ, অকথেপথেপ [অক্‌থেপ্, অকথেপ্‌থেপ্] *বি* ছোট পুঁটলা। {*গা.*}
অকদিত্তা [অক্‌দিত্‌তা] *বি* পেটফোলা ভাব। {*গা.*}
অকদুমদুম হ.ঙঙা, অকদিমদিম হ.ঙঙা [অক্‌দুম্‌দুম্ হ.-ঙ্ঙা, অক্‌দিম্‌দিম্ হ.-ঙ্ঙা] *ক্রি* দানা-পানি গ্রহণের পর সতেজানুভব করা। {*গা.*}
অকনিং [অক্‌নিং] **১** *বি* অন্তর। **২** *বি* পেটের ভেতর। {*গা.*}
অকফুঙা, অকফিঙা [অক্‌ফুঙা, অক্‌ফিঙা] **১** *বিণ* পেট ফোলা এমন। **২** *ক্রি* পেট ফোলা। {*গা.*}
অকবং [অক্‌বং] *বিণ* পেটফোলা; মেদ-ভুঁড়িপূর্ণ। {*গা.*}
অকবং-চিবং [অক্‌বং-চিবং] *বিণ* পেটমোটা। {*গা.*}
অকবং-জাদা-ওয়াকখি-ওয়া.নেল [অক্‌বং-জাদা-ওয়াক্‌খি-ওয়া.-নেল্] *বি* সাংসারেক ধর্মের একজন দেবতা; দুরাত্মা। {*গা.*}
অকবংবং [অক্‌বংবং] *বিণ* অতিরিক্ত পেটফোলা (গালি অর্থে)। {*গা.*}
অকবংবঙা [অক্‌বংবঙা] **১** *বিণ* পেটফোলা। **২** *ক্রি* পেট ফুলে যাওয়া। {*গা.*}
অকবাংবাং দাক্কা [অক্‌বাংবাং দাক্‌কা] *ক্রি* পেটখালি অনুভূত হওয়া। {*গা.*}
অকবেবেল-খা.বেবেল [অক্‌বেবেল্-খা.-বেবেল্] *বি* বমি বমি ভাব। {*গা.*}
অকমাং রাক্কা [অক্‌মাং রাক্‌কা] *বিণ* ক্ষুধা লাগে না সহজে এমন। {*গা.*}
অকরি.য়া [অক্‌রি.-য়া] **১** *বি* ডায়রিয়া। **২** *ক্রি* ডায়রিয়া হওয়া। *প্রশ.* বুকমা রি.য়া। {*গা.*}
অকসাআ [অক্‌সাআ] *ক্রি* পেট ব্যথা করা। {*গা.*}
অকসাম্বেক, অকসাম্বেং, অকসিক [অক্‌সাম্‌বেক্, অক্‌সাম্‌বেং, অক্‌সিক্] *বি* কুক্ষিদেশ; পাঁজরের পাশের অংশ। {*গা.*}
অকস্থি [অকস্‌খি] *বি* পেট ও পাঁজরের সন্ধিস্থল। {*গা.*}
অক্কো-খা.ও নাংজা [অক্‌কো-খা.-ও নাংজা] *ক্রি* পেট না ভরা; খেয়ে তৃপ্তি না আসা। {*গা.*}
অক্কো চাংঙা [অক্‌কো চাংঙা] *ক্রি* গর্ভে ধারণ করা। {*গা.*}

অক[২] *দ্র* অক্কা

অকখর *দ্র* অইখর

অকখাআ[১] [অক্‌খাআ] *ক্রি* পেট ভরা। {*গা.*}
অকখা, অকখাবো [অক্‌খা, অক্‌খাবো] *ক্রি* অনুজ্ঞা। {*গা.*}
অকখাখালা, অকখাখাল্লা [অক্‌খাখালা, অকখাখাল্‌লা] *ক্রি* সামান্য কিছু পেট ভরা। {*গা.*}
অকখাগাগালা [অক্‌খাগাগালা] *ক্রি* দ্রুত পেট ভরা। {*গা.*}
অকখাগিতা, অকখাগিলা, অকখাদিলা [অক্‌খাগিতা, অক্‌খাগিলা, অক্‌খাদিলা] *ক্রি* পেট ভরানো; পেট ভরতে বলা; পেট ভরে দেওয়া। {*গা.*}
অকখাগ্রিকা [অক্‌খাগ্রিকা] *ক্রি* পেট ভরা (পরস্পর একসাথে বা প্রতিযোগিতা অর্থে)। {*গা.*}
অকখাগুবা, অকখাগুয়া, অকখাগিবা [অক্‌খাগুবা, অক্‌খাগুয়া, অক্‌খাগিবা] **১** *বি* পরিতৃপ্ত লোকটি। **২** *বিণ* পরিতৃপ্ত। {*গা.*}
অকখাচেঙা [অক্‌খাচেঙা] *ক্রি* প্রথমে পেট ভরে নেওয়া। {*গা.*}
অকখাজা [অক্‌খাজা] *ক্রি* পেট না ভরা। {*গা.*}
অকখাথকা [অক্‌খাথকা] *ক্রি* সবার পেট ভরা। {*গা.*}
অকখাদাতা [অক্‌খাদাতা] *ক্রি* মাত্রাতিরিক্ত পেট ভরা। {*গা.*}
অকখাদালদাল [অক্‌খাদাল্‌দাল্] *বিণ* মাত্র পেট ভরেছে এমন। {*গা.*}
অকখানি [অক্‌খানি] *বি* পেট ভরার বস্তু। {*গা.*}
অকখাফা [অক্‌খাফা] *ক্রি* একসাথে পেট ভরা। {*গা.*}
অকখাফুলা, অকখাফুল্লা, অকখাফিলা, অকখাফিল্লা [অক্‌খাফুলা, অক্‌খাফুল্‌লা, অক্‌খাফিলা, অক্‌খাফিল্‌লা] *ক্রি* অন্য কাজ হতে হতে পেট ভরে যাওয়া। {*গা.*}
অকখাফ্রেতা [অক্‌খাফ্রেতা] *ক্রি* ফেটে যাওয়ার মতো পেট ভরা। {*গা.*}
অকখাবা [অক্‌খাবা] *ক্রি* পেট ভরে আসা। {*গা.*}
অকখাবাতা, অকখাবাত্তা [অক্‌খাবাতা, অক্‌খাবাত্‌তা] *ক্রি* অপেক্ষাকৃত বেশি পরিমাণ খাওয়া। {*গা.*}
অকখারিয়া [অক্‌খারিয়া] *ক্রি* সচরাচর পেট ভরার কথা না থাকলেও ভরে যাওয়া। {*গা.*}
অকখাসুয়া, অকখাসোয়া [অক্‌খাসুয়া, অক্‌খাসোয়া] *ক্রি* আগমনের পূর্বে পেট ভর্তি হয়ে থাকা। {*গা.*}
অকখায় চা.আ [অক্‌খায় চা.-আ] *ক্রি* পেট ভরে খাওয়া। {*গা.*}
অকখায় গাল্লা [অক্‌খায় গাল্‌লা] *ক্রি* পেট ভরে যাওয়া; পেট ভরে ফেলা। {*গা.*}

অকখাআ[২] [অক্‌খাআ] *ক্রি* মাতাল হওয়া। *প্রশ.* ফেক্কা। {*গা.*}
অকখা, অকখাবো [অক্‌খা, অক্‌খাবো] *ক্রি* অনুজ্ঞা। {*গা.*}
অকখাখালা, অকখাখাল্লা [অক্‌খাখালা, অক্‌খাখাল্‌লা] *ক্রি* বেশ কিছু পরিমাণে মাতাল হওয়া। {*গা.*}
অকখাগাগালা [অক্‌খাগাগালা] *ক্রি* তাড়াতাড়ি মাতাল হওয়া। {*গা.*}
অকখাগিতা, অকখাগিলা, অকখাদিলা [অক্‌খাগিতা, অক্‌খাগিলা, অক্‌খাদিলা] *ক্রি* মাতাল করানো; মাতাল হতে বলা। {*গা.*}
অকখাগ্রিকা [অক্‌খাগ্রিকা] *ক্রি* মাতাল হওয়া (পরস্পর একসাথে বা প্রতিযোগিতা অর্থে)। {*গা.*}
অকখাগুবা, অকখাগুয়া, অকখাগিবা [অক্‌খাগুবা, অক্‌খাগুয়া, অক্‌খাগিবা] **১** *বি* মাতাল ব্যক্তি। **২** *বিণ* মাতাল। {*গা.*}
অকখাচেঙা [অক্‌খাচেঙা] *ক্রি* প্রথমে মাতাল হয়ে নেওয়া। {*গা.*}
অকখাজা [অক্‌খাজা] *ক্রি* মাতাল না হওয়া। {*গা.*}
অকখাথকা, অকখাথক্কা [অক্‌খাথকা, অক্‌খাথক্‌কা] *ক্রি* মাতাল হওয়া (একত্রে সবাই অর্থে)। {*গা.*}
অকখাদাতা [অক্‌খাদাতা] **১** *বিণ* অধিক মাত্রায় মাতাল। **২** *ক্রি* অধিক মাত্রায় মাতাল হওয়া। {*গা.*}

অকখাদাদাল, অকখাদালদাল [অক্‌খাদাদাল্‌, অক্‌খাদাল্‌দাল্‌] *বিণ* মাত্র মাতাল হয়েছে এমন। *{গা.}*

অকখানি [অক্‌খানি] *বি* মাতাল হওয়ার বস্তু। *{গা.}*

অকখাফা [অক্‌খাফা] *ক্রি* একসাথে মাতাল হওয়া। *{গা.}*

অকখাফুলা, অকখাফুল্লা, অকখাফিলা, অকখাফিল্লা [অক্‌খাফুলা, অক্‌খাফুল্‌লা, অক্‌খাফিলা, অক্‌খাফিল্‌লা] **১** *ক্রি* পুনরায় মাতাল হওয়া। **২** *ক্রি* অন্য কাজ সম্পন্ন হতে হতে মাতাল হওয়া। *{গা.}*

অকখাবা [অক্‌খাবা] *ক্রি* মাতাল হয়ে আসা। *{গা.}*

অকখাবাতা [অক্‌খাবাতা] *ক্রি* অপেক্ষাকৃত বেশি পরিমাণ মাতাল হওয়া। *{গা.}*

অকখাব্রুয়া [অক্‌খাব্রুয়া] *ক্রি* মাতাল হয়ে দেখানো (অনুকরণ বা ভান করা অর্থে)। *{গা.}*

অকখামানা [অক্‌খামানা] **১** *ক্রি* ভুলক্রমে মাতাল হওয়া। **২** *ক্রি* মাতাল হওয়ার কাজ সম্পন্ন করা। *{গা.}*

অকখারিকা [অক্‌খারিকা] *ক্রি* গমনের পূর্বে মাতাল হওয়া। *{গা.}*

অকখাসুয়া, অকখাসোয়া [অক্‌খাসুয়া, অক্‌খাসোয়া] *ক্রি* আগমনের পূর্বে মাতাল হয়ে যাওয়া। *{গা.}*

অকখায় গাল্লা [অক্‌খায়্‌ গাল্‌লা] *ক্রি* মাতাল হয়ে পড়া। *{গা.}*

অকখিম *দ্র* অকখুম

অকখিসা, আকখিসা [অক্‌খিসা, আক্‌খিসা] **১** *বিণ* অল্প পরিমাণ; একটু। **২** *ক্রিবিণ* একটু। *{গা.}*

অকখিসা-মিন্থিসা, আকখিসা-মিন্থিসা [অক্‌খিসা-মিন্‌থিসা, আক্‌খিসা-মিন্‌থিসা] *বিণ* একটু-আধটু। *{গা.}*

অকখুম, অকখিম, খকখুম, খকখিম [অক্‌খুম্‌, অক্‌খিম্‌, খক্‌খুম্‌, খক্‌খিম্‌] *বি* ছায়া। *প্রশ.* সালখুম। *{গা.}*

অকখুমা, অকখিমা, খকখুমা, খকখিমা [অক্‌খুমা, অক্‌খিমা, খক্‌খুমা, খক্‌খিমা] **১** *বি* তলা। **২** *বিণ* ছায়াযুক্ত। **৩** *ক্রি* ছায়া হওয়া। *প্রশ.* সালখুমা। *{গা.}*

অকগিফু [অক্‌গিফু] *বি* সজারু। *প্রশ.* মাতমাচি। *{গা.}*

অকথেপ [অক্‌থেপ্‌] *বি* ছোট পুঁটলা। *{গা.}*

অকরেপ-অকথেপ [অক্‌রেপ্‌-অক্‌থেপ্‌] **১** *বি* ছোট বে-সাইজের গোলাকার বস্তু। **২** *ক্রিবিণ* ছোট বে-সাইজের গোলাকার বস্তুর মতো করে। *{গা.}*

অক্কা [অক্‌কা] **১** *বিণ* খোলা। **২** *ক্রি* খোলা। *{গা.}*

অকঃ, অকবো [অক্‌, অক্‌বো] *ক্রি* অনুজ্ঞা। *{গা.}*

অকখালা [অক্‌খালা] *ক্রি* বেশ কিছু পরিমাণ খোলা। *{গা.}*

অকখিনাপা [অক্‌খিনাপা] *ক্রি* খুলতে সহজ লাগা। *{গা.}*

অকখুমাল, অকখিমাল [অক্‌খুমাল্‌, অক্‌খিমাল্‌] *বিণ* বারবার খোলা হয় এমন। *{গা.}*

অকগাগালা [অক্‌গাগালা] *ক্রি* দ্রুত খুলে ফেলা। *{গা.}*

অকগিতা, অকগিলা, অকদিলা [অক্‌গিতা, অক্‌গিলা, অক্‌দিলা] *ক্রি* খোলানো; খুলতে বলা। *{গা.}*

অকগ্রিকা [অক্‌গ্রিকা] *ক্রি* খোলা (পরস্পর একসাথে বা প্রতিযোগিতা অর্থে)। *{গা.}*

অকগুবা, অকগুয়া, অকগিবা [অক্‌গুবা, অক্‌গুয়া, অক্‌গিবা] *বি* খুলে যে; উন্মোচক। *{গা.}*

অকচেঙা [অক্‌চেঙা] *ক্রি* প্রথমে খুলে নেওয়া। *{গা.}*

অকজা [অক্‌জা] **১** *বিণ* আবদ্ধ। **২** *ক্রি* না খোলা। *{গা.}*

অকথকা [অক্‌থকা] *ক্রি* খোলা (একত্রে সবাই অর্থে)। *{গা.}*

অকথ্লঙা [অক্‌থ্‌লঙা] *ক্রি* একটানে খোলা। *{গা.}*

অকথাতা [অক্‌থাতা] *ক্রি* বেপরোয়াভাবে খোলা। *{গা.}*

অকথুমাকা, অকথিমাকা [অক্‌থুমাকা, অক্‌থিমাকা] *ক্রি* একটানে খুলে ফেলা। *{গা.}*

অকদাদাল, অকদালদাল [অক্‌দাদাল্‌, অক্‌দাল্‌দাল্‌] *বিণ* মাত্র খোলা হয়েছে এমন। *{গা.}*

অকদাপা [অক্‌দাপা] *ক্রি* একটার পর একটা খোলা। *{গা.}*

অকদ্রাকা [অক্‌দ্রাকা] *ক্রি* যত্নহীনভাবে খোলা। *{গা.}*

অকদিংদিঙা [অক্‌দিংদিঙা] *ক্রি* কোনো কিছুতে ভ্রুক্ষেপ না করে খুলে ফেলা। *{গা.}*

অকনাগিদ্দিক [অক্‌নাগিদ্‌দিক্‌] *বিণ* খুলে ফেলবে এমন। *{গা.}*

অকফা [অক্‌ফা] *ক্রি* একসাথে খোলা (সহায্য বা অনুকরণ অর্থে)। *{গা.}*

অকফুলা, অকফিলা [অক্‌ফুলা, অক্‌ফিলা] **১** *ক্রি* পুনরায় খোলা। **২** *ক্রি* অন্য কাজ সম্পন্ন হতে হতে খুলে ফেলা। *{গা.}*

অকফ্রুয়া [অক্‌ফ্রুয়া] *ক্রি* খুলে ছিটিয়ে ফেলা। *{গা.}*

অকব্রকা [অক্‌ব্রকা] *ক্রি* বেপরোয়াভাবে খোলা। *{গা.}*

অকবা [অক্‌বা] *ক্রি* খুলে আসা। *{গা.}*

অকবাতা [অক্‌বাতা] *ক্রি* অপেক্ষাকৃত বেশিবার বা বেশি পরিমাণ খোলা। *{গা.}*

অকবুংবাঙা, অকবিংবাঙা [অক্‌বুংবাঙা, অক্‌বিংবাঙা] *ক্রি* বেপরোয়াভাবে খোলা। *{গা.}*

অকব্রুয়া [অক্‌ব্রুয়া] *ক্রি* খোলা (অনুকরণ বা ভান অর্থে)। *{গা.}*

অকমানা [অক্‌মানা] **১** *ক্রি* ভুলক্রমে খুলে ফেলা। **২** *ক্রি* খোলার কাজ সমাপ্ত করা। *{গা.}*

অকমুদিং, অকমিদিং [অক্‌মুদিং, অক্‌মিদিং] *বিণ* খুলন্ত। *{গা.}*

অকরকরকা [অক্‌রক্‌রকা] *ক্রি* একনাগাড়ে খুলে যাওয়া। *{গা.}*

অকরানা [অক্‌রানা] *ক্রি* একবারে খোলা। *{গা.}*

অকরিকরিকা [অক্‌রিক্‌রিকা] *ক্রি* পরপর খুলে যাওয়া। *{গা.}*

অকরিকা [অক্‌রিকা] *ক্রি* গমনের পূর্বে খুলে ফেলা। *{গা.}*

অকরুমরুমা, অকরিমরিমা [অক্‌রুম্‌রুমা, অক্‌রিম্‌রিমা] **১** *ক্রি* গড়িয়ে গড়িয়ে খুলে ফেলা। **২** *ক্রি* একনাগাড়ে খোলা বা খুলতে থাকা। *{গা.}*

অকস্রাঙা [অক্‌স্রাঙা] **১** *ক্রি* অন্য কাজ থাকা সত্ত্বেও প্রথমে খুলে নেওয়া। **২** *ক্রি*

সবচেয়ে বেশিবার বা বেশি পরিমাণ খোলা। *{গা.}*
অকস্রাপা [অক্স্রাপা] *ক্রি* সময় মতো খুলতে পারা। *{গা.}*
অকসুয়া, অকসোয়া [অক্সুয়া, অক্সোয়া] *ক্রি* আগমনের পূর্বে খোলা। *{গা.}*
অকসেক্কা [অক্সেক্‌কা] *ক্রি* কেড়ে নিয়ে খোলা। *{গা.}*

অখ্লাকা [অখ্‌লাকা] *ক্রি* বস্তুর উপরের আস্তরণ বা পর্দা বা মুখ খোলা। *{গা.}*
অখ্লাক, অখ্লাকবো [অখ্‌লাক্, অখ্‌লাক্‌বো] *ক্রি* অনুজ্ঞা। *{গা.}*
অখ্লাকখাল্লা [অখ্‌লাক্‌খাল্‌লা] *ক্রি* বেশ কিছু পরিমাণ খোলা। *{গা.}*
অখ্লাকগাগালা [অখ্‌লাক্‌গাগালা] *ক্রি* দ্রুত খুলে ফেলা। *{গা.}*
অখ্লাকগিতা, অখ্লাকগিলা, অখ্লাকদিলা [অখ্‌লাক্‌গিতা, অখ্‌লাক্‌গিলা, অখ্লাকদিলা] *ক্রি* খোলানো; খুলতে বলা। *{গা.}*
অখ্লাকগ্রিকা [অখ্‌লাক্‌গ্রিকা] *ক্রি* খোলা (পরস্পর একসাথে বা প্রতিযোগিতা অর্থে)। *{গা.}*
অখ্লাকগুবা, অখ্লাকগুয়া, অখ্লাকগিবা [অখ্‌লাক্‌গুবা, অখ্‌লাক্‌গুয়া, অখ্‌লাক্‌গিবা] *বি* খুলে যে। *{গা.}*
অখ্লাকচেঙা [অখ্‌লাক্‌চেঙা] *ক্রি* প্রথমে খুলে নেওয়া। *{গা.}*
অখ্লাকজা [অখ্‌লাক্‌জা] **১** *বিণ* মুখবন্ধ। **২** *ক্রি* না খোলা। *{গা.}*
অখ্লাকথকা [অখ্‌লাক্‌থকা] *ক্রি* খোলা (একত্রে সবাই অর্থে)। *{গা.}*
অখ্লাকদাদাল [অখ্‌লাক্‌দাদাল্] *বিণ* মাত্র খোলা হয়েছে এমন। *{গা.}*
অখ্লাকদাম [অখ্‌লাক্‌দাম্] *বি* খোলার জায়গা। *{গা.}*
অখ্লাকদ্রাকা [অখ্‌লাক্‌দ্রাকা] *ক্রি* বেপরোয়াভাবে খোলা। *{গা.}*
অখ্লাকফা [অখ্‌লাক্‌ফা] *ক্রি* একসাথে খোলা (সাহায্য বা অনুকরণ অর্থে)। *{গা.}*
অখ্লাকফুলা, অখ্লাকফুল্লা, অখ্লাকফিলা, অখ্লাকফিল্লা [অখ্‌লাক্‌ফুলা, অখ্‌লাক্‌ফুল্‌লা, অখ্‌লাক্‌ফিলা, অখ্‌লাক্‌ফিল্‌লা] **১** *ক্রি* পুনরায় খোলা। **২** *ক্রি* অন্য কাজ সম্পন্ন হতে হতে খুলে ফেলা। *{গা.}*
অখ্লাকবা [অখ্‌লাক্‌বা] *ক্রি* খুলে আসা। *{গা.}*
অখ্লাকবাত্তা [অখ্‌লাক্‌বাত্‌তা] *ক্রি* অপেক্ষাকৃত বেশিবার বা বেশি পরিমাণ খোলা। *{গা.}*
অখ্লাকমানা [অখ্‌লাক্‌মানা] **১** *ক্রি* ভুলক্রমে খুলে ফেলা। **২** *ক্রি* খোলার কাজ সমাপ্ত করা। *{গা.}*
অখ্লাকমুদিং, অখ্লাকমিদিং [অখ্‌লাক্‌মুদিং, অখ্‌লাক্‌মিদিং] *বিণ* মাত্র খোলা হয়েছে এমন। *{গা.}*
অখ্লাকরিকা [অখ্‌লাক্‌রিকা] *ক্রি* গমনের পূর্বে খুলে ফেলা। *{গা.}*
অখ্লাকস্রাঙা [অখ্‌লাক্‌স্রাঙা] **১** *ক্রি* অন্য কাজ থাকা সত্ত্বেও প্রথমে খুলে ফেলা। **২** *ক্রি* সবচেয়ে বেশিবার বা বেশি পরিমাণ খোলা। *{গা.}*
অখ্লাকস্রাপা [অখ্‌লাক্‌স্রাপা] *ক্রি* সময় মতো খুলতে পারা। *{গা.}*
অখ্লাকসুয়া, অখ্লাকসোয়া [অখ্‌লাক্‌সুয়া, অখ্‌লাক্‌সোয়া] *ক্রি* আগমনের পূর্বে খোলা। *{গা.}*

অং, অংবিজা [অং, অংবিজা] *বি* ভীমরুল। *{গা.}*

অং [অং] *বি* ঘুড়িবিশেষ। *{গা.}*

অং *দ্র* অংঙা

অংঙা, এংঙা [অংঙা, এংঙা] *ক্রি* খোলা। *{গা.}*
অং, অংবো, এং, এংবো [অং, অংবো, এং, এংবো] *ক্রি* অনুজ্ঞা। *{গা.}*
অংখালা, এংখালা [অংখালা, এংখালা] *ক্রি* বেশ কিছু পরিমাণ খোলা। *{গা.}*
অংখিনাপা, এংখিনাপা [অংখিনাপা, এংখিনাপা] *ক্রি* খুলতে সহজ লাগা। *{গা.}*
অংগাগালা, এংগাগালা [অংগাগালা, এংগাগালা] *ক্রি* দ্রুত খুলে ফেলা। *{গা.}*
অংগিতা, অংগিলা, অংদিলা, এংগিতা, এংগিলা, এংদিলা [অংগিতা, অংগিলা, অংদিলা, এংগিতা, এংগিলা, এংদিলা] *ক্রি* খোলানো; খুলতে বলা। *{গা.}*
অংগ্রিকা, এংগ্রিকা [অংগ্রিকা, এংগ্রিকা] *ক্রি* খোলা (পরস্পর একসাথে বা প্রতিযোগিতা অর্থে)। *{গা.}*
অংগুবা, অংগুয়া, অংগিবা, এংগুবা, এংগুয়া, এংগিবা [অংগুবা, অংগুয়া, অংগিবা, এংগুবা, এংগুয়া, এংগিবা] *বি* খোলে যে। *{গা.}*
অংগ্রুয়া, এংগ্রুয়া [অংগ্রুয়া, এংগ্রুয়া] *ক্রি* খুলে ঢিলা করা। *{গা.}*
